



ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

গৌরবের ৬৭ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA



অনলাইন সংস্করণ : www.jagarandaily.com

JAGARAN ■ 3 August 2021 ■ আগরতলা ৩ আগস্ট, ২০২১ ইং ■ ১৭ শ্রাবণ ১৪৪৮ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

রাজ্যে তৃণমূল সর্ব ভারতীয় সাধারণ সম্পাদকের কনভয়ে হামলা

বিপ্লবকে হুশিয়ারী দিয়ে ক্ষমতা দখলের স্বপ্ন ফেরি অভিষেকের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। ২০২৪ লোকসভা নির্বাচনের আগে তৃণমূলের পাখির চোখ ২০২৩-এর ত্রিপুরা বিধানসভা নির্বাচন। একথা সাফ বুঝিয়ে দিলেন তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোমবার রাজ্য সফরে এসে ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে হুশিয়ারী দিয়ে ক্ষমতা দখলের স্বপ্ন ফেরি করলেন তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক। রাজ্যের বিরোধী শক্তির মনোবল বৃদ্ধির লক্ষ্যে বাম-কংগ্রেস উভয়ের সমর্থন চেয়ে তৃণমূলে শক্তিশালী করার ডাক দিয়েছেন অভিষেক। তিনি স্বীকার করেছেন, আগের তৃণমূল এখন অনেক পরিবর্তিত। তাই, ত্রিপুরায় ২০২৩ নির্বাচন পর্যন্ত সর্বক্ষণের নেতা সর্বদাই হাজির থাকবেন।

আজ আপনার বিদায় ঘণ্টা বাজিয়ে দিলাম। এদিকে, কনভয়ে হামলার অভিযোগ এনে অভিষেক সরকার, কিন্তু ত্রিপুরায় দুয়ারে সন্ত্রাস। তিনি অভিযোগ তুলে বলেন, নিরাপত্তাহীনতায় ভুগছে বলেন, আমার গাড়িতে বিজেপি কর্মকর্তারা হামলা করেছেন। তাতে, আমার তিনজন নিরাপত্তা কর্মী

করেছে। এদিন, তিনি জানতে চান, ত্রিপুরায় তৃণমূলের অস্তিত্ব না থাকে, তাহলে বিজেপি ভয় পাচ্ছে কেন। তাঁর দাবি, অত্যাচার যত মারাত্মক হবে আন্দোলন ততই দৃঢ় হবে। সাথে অভিষেক বোঝাতে চেয়েছেন, ত্রিপুরায় সরকার বাঁচাতে কেন্দ্রীয় নেতারা যতবার আসবেন, তিনি নিজে তার পাচগুণ রাজ্য সফর করবেন। মূলত, প্রদেশ বিজেপির তৃণমূলে পরিযায়ী কটাক্ষের জবাবেই ত্রিপুরায় সমর্থকদের মনোবল বাড়ানোর চেষ্টা করেছেন তিনি। তাঁর দাবি, তৃণমূল কংগ্রেস এখন অনেক পরিবর্তিত। ত্রিপুরায় কর্মীদের সর্বক্ষণ পাশে থাকার জন্য সর্বদা একজন দলের শীর্ষ নেতা রাজ্যে অবস্থান করবেন। তাঁর হুশিয়ারী, ত্রিপুরায় তৃণমূলের একজনের কর্মীর উপর হামলা হলে তার মাগুল গুলতে হবে। তাঁর দাবি, তৃণমূলে ৬৬ এর পাতায় দেখুন

আহত হয়েছেন। কিন্তু, আজ ত্রিপুরাবাসীর ভালবাসা ও আশীর্বাদ পেয়ে আমি আশ্বস্ত। তিনি নিশ্চিত, ২০২৩ বিধানসভা নির্বাচনে ত্রিপুরার মানুষের সমর্থন নিয়ে তৃণমূল সরকার গঠন



বন্দ্যোপাধ্যায় আজ মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের পদত্যাগ দাবি করেছেন। এদিন, তিনি সাংবাদিক সম্মেলনে পশ্চিমবঙ্গের উদাহরণ টেনে এনে বলেন, বাংলায় দুয়ারে

বিজেপি, তাই ত্রিপুরা সফরে ভয় পেয়ে মাতা ত্রিপুরেশ্বরীর দর্শনে হামলা করেছেন শাসক দলের সমর্থকরা। তিনি সুর চড়িয়ে বলেন, ত্রিপুরায় গণতন্ত্র ভুঁটিত। কারণ, বিরোধীরা এরাই আক্রান্ত। তিনি

আহত হয়েছেন। কিন্তু, আজ ত্রিপুরাবাসীর ভালবাসা ও আশীর্বাদ পেয়ে আমি আশ্বস্ত। তিনি নিশ্চিত, ২০২৩ বিধানসভা নির্বাচনে ত্রিপুরার মানুষের সমর্থন নিয়ে তৃণমূল সরকার গঠন

রাজ্যে তৃণমূলের সাথে বামদলের জোট

পরিস্থিতি নির্ভর করে পার্টি নেতৃত্ব সিদ্ধান্ত নেবেন : মানিক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। তৃণমূলের সাথে জোটের প্রশ্নে হাজারো সম্ভাবনা জিইয়ে রাখলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিরোধী দলনেতা ও সিপিএম পলিটবুরো সদস্য মানিক সরকার। ঝেড়ে কাশেনি, এমনকি তৃণমূলের সাথে জোট বাবোনা বামফ্রন্ট, এমনটাও বলেননি তিনি। তাঁর মতে, ২০২৩ সালে পরিস্থিতি নির্ভর করে রাজ্যে পার্টি নেতৃত্ব সিদ্ধান্ত নেবেন। এখনই এ-বিষয়ে কিছু বলার সময় আসেনি।



প্রতিদ্বন্দ্বিতা করেছেন। তবে, ভোট জয়ী পাবেননি। তাঁর দাবি, বামফ্রন্ট কখনই তৃণমূলে রাজ্যে বাধা দেয়নি। গণতান্ত্রিক রাষ্ট্রে অধিকার স্বরূপ তাঁরা নিজেদের রাজনৈতিক কর্মকান্ড চালিয়েছেন। তিনি বলেন, সামনেই ত্রিপুরায় বিধানসভা নির্বাচন। তাই, আবারও তৃণমূলের ততবতরতা দেখা যাচ্ছে। কারণ, পশ্চিমবঙ্গে নির্বাচনে জয়ী হয়ে তাঁরা সংগঠন বিস্তার করতে

চাইছে। তাতে, আপত্তি কিছু নেই বলে দাবি করেন মানিক সরকার। সাথে তিনি যোগ করেন, রাজ্যে তৃণমূলের ততবতরতা বামদলের উপর কোন প্রভাব পড়বে না। একইসাথে আগামী বিধানসভা নির্বাচনে তৃণমূলের সাথে জোটের প্রশ্নে বামদলের পরিকল্পনা নিয়েও জবাব দিয়েছেন। তিনি বলেন, ২০২৩ বিধানসভা নির্বাচনের এখনো ৬ এর পাতায় দেখুন

ওবিসি সম্প্রদায়ের জন্য ইতিবাচক সিদ্ধান্তে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাল ওবিসি মোর্চা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। রাজ্যের ওবিসি সম্প্রদায়ের মানুষ বারমর্মে বঞ্চিত ছিল। বিজেপি জোট সরকার রাজ্যে প্রতিষ্ঠিত হওয়ার পর সামগ্রিকভাবে উন্নয়ন হচ্ছে ওবিসি অংশের মানুষের। এমনই দাবি করলেন শিক্ষামন্ত্রী রতন লাল নাথ।

সোমবার বিজেপি পার্টি অফিস সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখছিলেন তিনি। রতনবাবুর দাবি, দীর্ঘদিন বঞ্চিত থাকার পর অবশেষে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সরকার ওবিসিদের জন্য বেশ কিছু ক্ষেত্রে নতুন নতুন সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই সিদ্ধান্তের ফলে এখন থেকে ওবিসি সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রী থেকে শুরু করে সব অংশের ওবিসিরাই আগের তুলনায় অধিক হারে সুবিধা ভোগ করতে পারবে। এজন্য কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তের ফলে প্রদেশ ওবিসি মোর্চার পক্ষ থেকে কেন্দ্রের মোদি সরকারকে ধন্যবাদ জানানো হয়।

মন্ত্রী রতন লাল নাথ বলেন, কেন্দ্রের সিদ্ধান্তের ফলে, এখন থেকে ডাক্তারি পড়ুয়া ছাত্র-ছাত্রীরা এই সুবিধা ভোগ করবে। বহিরাঙ্গের জন্য আসন সংরক্ষিত রয়েছে এমন মেডিকেল কলেজগুলিতে ভর্তি হবার ক্ষেত্রে ওবিসিদের জন্য ২৭ শতাংশ আসন বরাদ্দ থাকবে বলেও তিনি জানান। তিনি বলেন, আগরতলা সরকারি মেডিকেল কলেজে এমবিবিএস পড়ার ক্ষেত্রে যে ১২৫ টি আসন রয়েছে তার মধ্যে আবার ১৯ টি আসন বহিরাঙ্গের ছাত্র-ছাত্রীদের জন্য রয়েছে। এই সংরক্ষণ থাকবে বলে তিনি জানান। সরকারি মেডিকেল কলেজে গত বছর ৭৯ টি আসনের মধ্যে ৩৯ টি আসন ছিলো বহিরাঙ্গের ছাত্র-ছাত্রীদের জন্য। এবছর তা থাকবে ৪০ টি। এই ৪০ টি আসনের মধ্যেই সিদ্ধান্তের ফলে প্রদেশ ওবিসি মোর্চার পক্ষ থেকে কেন্দ্রের মোদি সরকারকে ধন্যবাদ জানানো হয়।

পাশ করানোর দাবীতে তেলিয়ামুড়ায় আবারো পথ অবরোধ ছাত্রছাত্রীদের



নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২ আগস্ট। একাংশ বহিরাগত আত্মলিহনে ছাত্র-ছাত্রীদের পথ অবরোধ। ছাত্র-ছাত্রীদের দাবি আমরা পরীক্ষায় বসবো না। পাস করে না দিলে চলবে আন্দোলন এমনই দাবি নিয়ে গত শনিবারের পর সোমবার দিনেও ছাত্র-ছাত্রীরা আনৈতিক দাবী নিয়ে ফের তেলিয়ামুড়া থানাধীন অস্থি চৌমুনি স্থিত আসাম আগরতলা জাতীয় সড়ক অবরোধ করল দুপুর ১১ টা থেকে। এই অবরোধ নিয়ে সোমবার দিনভর চাপা উত্তেজনা পর উশুংখল পরিস্থিতি তেলিয়ামুড়া অস্থি চৌমুনির জাতীয় সড়কে। এই দিনের পথ অবরোধে আহত হয়েছেন এক ছাত্র সহ গাড়ী চালক ও এক

সাধারণ পথচারী। চরম দুর্ভাগের শিকার সাধারণ পথচারী থেকে দূর-পাল্লার ছোট বড় লরি সহযাত্রীরা। এই ঘটনাকে কেন্দ্র করে গোটটি তেলিয়ামুড়া এলাকায় জোর একাংশ অভিভাবক মহলে তীব্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। ঘটনার খবর পেয়ে ছুটে আসেন তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক সোনা চরণ জামাতিয়া, তেলিয়ামুড়া থানার ও.সি নাড়ুগোপাল দেব সহ একাধিক পুলিশ অফিসার এবং বিশাল সংখ্যক টি.এস.আর বাহিনীর জওয়ানারা। অবরোধকারীদের সাথে পুলিশ দফায় দফায় আলাপ-আলোচনা করে ও বিফল হয়। পরে ঘটনা ৬ এর পাতায় দেখুন

উনারা প্রতিদিন কাজ ফেলে রেখে সারের জন্য ও বীজ ধানের জন্য অফিসে এসে নিরাশ হয়ে ফিরে যেতে বাধ্য হচ্ছেন। যে সকল কৃষক ধানের চারা রোপন করেছে তারা সঠিক সময়ে জমিতে সার দিতে পারছেন না। যার ফলে ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে কৃষকদের। অধিকাংশ লোকজন কৃষিকাজের উপর নির্ভরশীল। বর্তমান সময়ে সকলে ধান চাষে ব্যস্ত। কিন্তু কলসী কৃষি দপ্তরের সরকারী বীজাগার দীর্ঘ কয়েকদিন যাবৎ বন্ধ হয়ে থাকায় বিপাকে পড়তে হচ্ছে এলাকাবাসীদের। এলাকার কৃষকরা জানান, ৬ এর পাতায় দেখুন

শান্তিরবাজারে কৃষি বীজাগার বন্ধ চাষাবাদে ব্যাঘাত, ক্ষুব্ধ কৃষকরা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। শান্তিরবাজার মহকুমার কলসী সরকারী বীজাগার বেশ কয়েকদিন যাবৎ বন্ধ হয়ে রয়েছে। এ ব্যাপারে কোনো হেলদোল নেই প্রশাসনের। দক্ষিণ ত্রিপুরা জেলায় শান্তির বাজার মহকুমার অন্তর্গত কলসী এডিসি ভিলেজের অধিকাংশ লোকজন কৃষিকাজের উপর নির্ভরশীল। বর্তমান সময়ে সকলে ধান চাষে ব্যস্ত। কিন্তু কলসী কৃষি দপ্তরের সরকারী বীজাগার দীর্ঘ কয়েকদিন যাবৎ বন্ধ হয়ে থাকায় বিপাকে পড়তে হচ্ছে এলাকাবাসীদের। এলাকার কৃষকরা জানান, ৬ এর পাতায় দেখুন

উনারা প্রতিদিন কাজ ফেলে রেখে সারের জন্য ও বীজ ধানের জন্য অফিসে এসে নিরাশ হয়ে ফিরে যেতে বাধ্য হচ্ছেন। যে সকল কৃষক ধানের চারা রোপন করেছে তারা সঠিক সময়ে জমিতে সার দিতে পারছেন না। যার ফলে ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে কৃষকদের। অধিকাংশ লোকজন কৃষিকাজের উপর নির্ভরশীল। বর্তমান সময়ে সকলে ধান চাষে ব্যস্ত। কিন্তু কলসী কৃষি দপ্তরের সরকারী বীজাগার দীর্ঘ কয়েকদিন যাবৎ বন্ধ হয়ে থাকায় বিপাকে পড়তে হচ্ছে এলাকাবাসীদের। এলাকার কৃষকরা জানান, ৬ এর পাতায় দেখুন

উনারা প্রতিদিন কাজ ফেলে রেখে সারের জন্য ও বীজ ধানের জন্য অফিসে এসে নিরাশ হয়ে ফিরে যেতে বাধ্য হচ্ছেন। যে সকল কৃষক ধানের চারা রোপন করেছে তারা সঠিক সময়ে জমিতে সার দিতে পারছেন না। যার ফলে ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে কৃষকদের। অধিকাংশ লোকজন কৃষিকাজের উপর নির্ভরশীল। বর্তমান সময়ে সকলে ধান চাষে ব্যস্ত। কিন্তু কলসী কৃষি দপ্তরের সরকারী বীজাগার দীর্ঘ কয়েকদিন যাবৎ বন্ধ হয়ে থাকায় বিপাকে পড়তে হচ্ছে এলাকাবাসীদের। এলাকার কৃষকরা জানান, ৬ এর পাতায় দেখুন

ভারতে কোভিডে মৃত্যু হয়েছে ৪.২৪-লক্ষাধিক
নয়াদিল্লি, ২ আগস্ট (হিস.স.)। সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়েই চলেছে ভারতে, চিন্তা বাড়ছে সংক্রমণের হারও। বিগত ২৪ ঘণ্টায় নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪০ হাজার ১৩৪ জন। গত ২৪ ঘণ্টায় কোভিড মৃত্যু হয়েছে ৪২২ জনের। বহিরাঙ্গ সারাদিনে ভারতে সৃষ্ট হয়েছে ৩৬,৯৪৬ জন, ফলে ভারতে এই মুহূর্তে সৃষ্টির হার কমে ৯৭.৩৫ শতাংশে পৌঁছেছে। ভারতে এই মুহূর্তে মোট চিকিৎসার্থী করোনা-রোগীর সংখ্যা ৪,১৩,৭১৮ জন, বিগত ২৪ ঘণ্টায় রোগীর সংখ্যা বেড়েছে ২,৭৬৬ জন। বিগত ২৪ ঘণ্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৪,২৮,৯৮৪। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে ৪০,১৩৪ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩ কোটি ১৬ লক্ষ ৯৫ হাজার ৯৫৮ জন। বিগত ২৪ ঘণ্টায় সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়েছে ২,৭৬৬ জন, ফলে এই মুহূর্তে শতাংশের নিরিখে ১.৩১ শতাংশ ৬ এর পাতায় দেখুন

রাজ্যের ৯০ শতাংশ মানুষের করোনা টিকাকরণ সম্পন্ন হয়েছে দাবি করে বিজেপির ধন্যবাদ র্যালী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। বিজেপি সদর জেলা কমিটির পক্ষ থেকে সোমবার আগরতলা সিটি সেন্টারের সামনে ধন্যবাদ সূচক রেলি সংগঠিত করা হয়। করোনা পরিস্থিতি মোকাবেলায় কেন্দ্র সরকার এবং জেলা সরকার হাতে হাত মিলিয়ে যেভাবে কাজ করে চলেছে তার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে ধন্যবাদ জানিয়ে সোমবার রাজধানীর আগরতলা শহরের সিটি সেন্টারের সামনে ধন্যবাদ সূচক রেলি সংগঠিত করেছে বিজেপি সদর জেলা কমিটি। রেলিতে অংশ নেন বিজেপির সদর জেলা সভাপতি অলক ভট্টাচার্য। রেলিতে অংশ নিয়ে তিনি বলেন রাজ্যে নব্বই মানুষ করোনা

ভ্যাকসিনের প্রথম ডোজ নিয়েছেন। ভ্যাকসিন প্রদানের ক্ষেত্রে ত্রিপুরা দেশের মধ্যে উল্লেখযোগ্য প্রচেষ্টার মধ্য দিয়ে তিনি দাবি করেন। এই সাফল্যের জন্য তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মন্ত্র পরিধায় প্রশাসনকে এবং প্রয়াসকে স্বাগত জানান। রাজ্যবাসীর তরফ থেকে তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন সদর জেলা কমিটির সভাপতি উষ্টর অলক ভট্টাচার্য করোন। পরিস্থিতি মোকাবেলায় প্রশাসনের দেওয়া বিধি-নিষেধ যথাযথভাবে মেনে চলার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রত্যেককেই মান্য পরিধায় প্রশাসনকে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে চলতে হবে বলে তিনি উল্লেখ করেন।

ত্রিপুরা প্রশাসনের আশ্বাসে জাতীয় সড়ক অবরোধ প্রত্যাহার করল অসমের জনগণ

নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ২ আগস্ট। 'আগ্রাসী' মিজোরামে পন্যাবাহী গাড়ি যাওয়ার পথ বন্ধ না করলে চুড়াইবাড়িতে ত্রিপুরার বিরুদ্ধে জাতীয় সড়কে অনির্দিষ্টকালের অর্থনৈতিক অবরোধ গড়ে তোলা হবে বলে গতকাল প্রতিবেশী রাজ্যে জানিয়েছিলেন অসমের স্থানীয় নাগরিকরা। গতকাল বিকেল তিনটা থেকে ১২ ঘণ্টার সমন্বয়ীমা বেঁধে দেওয়া হয়েছিল। ত্রিপুরা সরকার অসমবাসীর আবেদনে সাদা না দেওয়ার আজ সোমবার সকাল ছয়টা থেকে করিমগঞ্জ জেলার বাজারিছড়া থানাধীন লোয়াইরপোয়ায় ত্রিপুরাগামী ৮ নম্বর জাতীয় সড়কে অবরোধ গড়ে তোলা হয়। আটকে পড়ে শতাধিক পন্য-বোবাই ত্রিপুরাগামী লরি।

এদিকে সাত-সকালেই দলবল নিয়ে অবরোধস্থলে ছুটে আসেন বাজারিছড়া থানার ওসি মনুরঞ্জন সিনহা। ঘণ্টার পর ঘণ্টা তিনি অবরোধকারীদের সঙ্গে দফায় দফায় কথা বলে অবরোধ প্রত্যাহারের আবেদন জানান। কাজ হচ্ছিল না। তিনি যোগাযোগ করেন স্থানীয় প্রাসনিক ম্যাজিস্ট্রেটের সঙ্গে। প্রশাসনিক ম্যাজিস্ট্রেট কথা বলেন

করিমগঞ্জের জেলাশাসকের সঙ্গে। করিমগঞ্জের জেলাশাসক যোগাযোগ করেন উত্তর ত্রিপুরার জেলাশাসকের সঙ্গে। জেলাশাসকের মধ্যে আলোচনায় ত্রিপুরার দামছড়া সড়কপথ দিয়ে মিজোরামে পন্যাবাহী কোনও গাড়ি যেতে দেওয়া হবে না বলে সিদ্ধান্ত নেওয়া হয়। এই সিদ্ধান্তের খবর ওসি সিনহা সড়ক অবরোধকারীদের কাছে পৌঁছে। এই আশ্বাস পেয়ে বেলা একটা (১.০০) নাগাদ অনির্দিষ্টকালের জাতীয় সড়ক অবরোধ প্রত্যাহার করা হয়েছে।

গত সোমবার (২৬ জুলাই) অসম-মিজোরাম সীমান্তের লায়ালাপুরে মিজো সশস্ত্র দুকতকারীদের হাতে শহিদ হয়েছেন অসম পুলিশের ছয় জওয়ান এবং এক নাগরিক। এছাড়া গুলিবিক্ষ হয়ে আহত হয়েছেন ৭০-এর বেশি অসম পুলিশ এবং সাধারণ নাগরিক। আর ওইদিন থেকেই কাছাড় এবং হাইলাকান্দীর ওপর দিয়ে মিজোরামে দানাপানি পাঠানো হয়ে গেছে। কাছাড় জেলার বুক চিরে মিজোরামগামী ৩০৬ নম্বর জাতীয় সড়ক এবং কাটাখাল-ভৈরবী রেলরুটের নানা স্থানে ৬ এর পাতায় দেখুন

রাজ্যে তৃণমূলের তৎপরতায় জেগে উঠল কংগ্রেস, তিন সভাপতি নিযুক্ত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ আগস্ট। রাজ্যে তৃণমূলের তৎপরতায় একপ্রকার জেগে উঠল কংগ্রেস। কার্যত তিনজন সভাপতি নিযুক্ত করেই দলের গোষ্ঠী বিবাদের লাগাম টানার চেষ্টা করেছে হাইকমান্ড। জানা গিয়েছে, রাজ্যে কংগ্রেসকে উজ্জীবিত করার জন্য সিনিয়র তিন নেতাকে সভাপতির দায়িত্ব দেওয়া হল। বীরজিৎ সিনহা, গোপাল রায় এবং পিযুষ কান্তি বিশ্বাস। এই তিন নেতাকে রাজ্য দলের সাংগঠনিক বিভিন্ন জেলা কমিটির পৃথক দায়িত্ব দেয়া হচ্ছে। এদিকে আগামী বিধানসভা নির্বাচনকে সামনে রেখে দলের সাংগঠনিক শক্তিকে আরো মজবুত এবং দলের মধ্যে শৃঙ্খলা ফিরিয়ে এনে একতার বার্তা দিতে সোমবার রাজ্য সফরে এসেছেন কংগ্রেসের কার্যকরী কমিটির সদস্য অবিনাশ পাণ্ডে ও ছত্রিশগড়ের মন্ত্রিসভার

সদস্য টি এ সিং দেও। একই সঙ্গে দলের শীর্ষ নেতৃত্বদের সঙ্গে পৃথক ও আসম নির্বাচনগুলির বিষয়ে আলোচনা করার জন্যই তাঁর এই

আগামী বিধানসভা নির্বাচনে কংগ্রেস দলের কর্মী ও নেতাদের

এক হয়ে লড়াই করতে হবে। প্রস্তুতি সঠিক না হলে কোন লাভ হবে না। গত নির্বাচনে কংগ্রেসের ফলাফল ৬ এর পাতায় দেখুন



ভাবে আলোচনা করেন। অন্যদিকে কংগ্রেসের কার্যকরী কমিটির সদস্য অবিনাশ পাণ্ডে জানান ত্রিপুরায় সমস্ত কংগ্রেস কর্মী

এক হয়ে লড়াই করতে হবে। প্রস্তুতি সঠিক না হলে কোন লাভ হবে না। গত নির্বাচনে কংগ্রেসের ফলাফল ৬ এর পাতায় দেখুন

নিত্য দুর্ভোগ

ত্রিপুরা মধ্যাঞ্চল পর্বদ পরিচালিত এ বছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলে যারা উত্তীর্ণ হইতে পারে নাই সেই সব ছাত্র-ছাত্রীরা মোটা রাজাঞ্জুড়ে রীতিমতো লঙ্কাকাণ্ড সংগঠিত করিতে শুরু করিয়াছে। করোনায় ভাইরাস সংক্রমণ জনিত পরিস্থিতির কারণে এই বছর দেশের অন্যান্য রাজ্যগুলির মতই ত্রিপুরাতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের পরীক্ষা গ্রহণ করা হয় নাই। পূর্ববর্তী ভারতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের উত্তীর্ণ করিয়া দেওয়া হইয়াছে করোনায় ভাইরাস সংক্রমণ জনিত পরিস্থিতির কারণে যেহেতু পরীক্ষা গ্রহণ করা সম্ভব হইবে না সেহেতু কিভাবে পরীক্ষার ফলাফল ঘোষণা করা হইবে সেই বিষয় নিয়া সারা রাজ্যে রীতিমতো চুলচেরা বিশ্লেষণ হইয়াছে। করোনায় ভাইরাস সংক্রমণ জনিত পরিস্থিতিতে পরীক্ষা গ্রহণ করা ঠিক হবে নাকি পরীক্ষা গ্রহণ না করায় উচিত এসব বিষয় নিয়ে অভিভাবকদের কাছ হইতে মতামত চাওয়া হইয়াছিল। ৯৯ শতাংশ অভিভাবক পরীক্ষা গ্রহণ না করিবার স্বপক্ষে মতামত ব্যক্ত করিয়াছিলেন অভিভাবকদের মতামত অনুযায়ী রাজ্য সরকার এবং ত্রিপুরা মধ্যাঞ্চল পর্বদ কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করিয়া পরবর্তী ক্লাস গুলিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মূল্যায়ন করা হইয়াছে। তাহাদেরই বিপত্তিমাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের উত্তীর্ণ ছাত্রছাত্রীরা রাজ্যের বিভিন্ন স্থানে সড়ক অবরোধ করিয়া, স্কুলে তাল খুলাইয়া দিয়া প্রতিবাদ বিক্ষোভে সামিল হইয়াছে। তাহাদের দাবি প্রত্যেককে পাস করাইয়া দিতে হইবে। অন্যথায় তাহারা বৃহত্তর আন্দোলনে সামিল হইবে বলিয়া ঈশ্বরীয় দিয়াছে। পরিস্থিতি সামাল দিতে গিয়া প্রশাসনকে রীতিমতো হিমশিম খাইতে হইয়াছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা করিবার সময় মাধ্যমিক পর্বদের সভাপতি উত্তর ভবতায় সাহা স্পষ্টভাবেই জানাইয়া ছিলেন এই ফলাফলে যদি কেউ সন্তুষ্ট না হয় তাহলে তাহারা পরীক্ষায় বসার সুযোগ পাইবে করণা পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলেই তাহাদের জন্য পরীক্ষার ব্যবস্থা করা হইবে। কিন্তু মাধ্যমিক পর্বদ কর্তৃপক্ষের কোন কথাই শুনতে চায় না তাহারা।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অনুত্তীর্ণদের এসব আন্দোলনের পেছনে একাংশের অভিভাবক এবং রাজনৈতিক দল পরোক্ষভাবে জড়িত রহিয়াছে বলিয়া অভিযোগ মিলিয়াছে। তাহাদের মদতই এইসব ছাত্রছাত্রীরা আন্দোলনে নামিয়া পরিস্থিতিতে জটিল থেকে জটিলতর করিয়া তুলিবার চেষ্টা চালাইয়াছে। পাস করাইয়া দিবার নামে যে আন্দোলন শুরু হইয়াছে তাহা এক বিপদজনক প্রবণতাও বটে করোনায় করোনায় পড়িয়া সরকার ও মাধ্যমিক পর্বদ পরীক্ষা গ্রহণ না করিয়া ফলাফল ঘোষণা করার যে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে তাহা হিতৈ-বিপরীত আকার ধারণ করিয়াছে। এই বিপর্যয়কর পরিস্থিতিতে কাজে লাগাইয়া তাহারা ফায়দা তুলিবার চেষ্টা শুরু করিয়াছে তাহা কতখানি ন্যায় সঙ্গত তাহা কিন্তু সম্মতিই বলিবে। পরিস্থিতি মোকাবিলা করার জন্য মাধ্যমিক পর্বদ কর্তৃপক্ষ অবশ্য সব ধরনের পদক্ষেপ গ্রহণ করিয়াছেন যেসব ছাত্রছাত্রী অন্তর্ভুক্ত হইয়াছে তাহাদের উদ্দেশ্যে বলা হইয়াছে তাহারা ইচ্ছা করলে পরীক্ষায় বসিতে পারিবে। শীঘ্রই তাহাদের জন্য পরীক্ষার ব্যবস্থা করা হইবে। কিন্তু পরীক্ষার্থীরা পরীক্ষার প্রস্তুতি চাইতেছে না। তাহারা চাইতেছে মাধ্যমিক কিংবা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশের শংসাপত্র। প্রকৃতপক্ষে শিক্ষানব্যয় সূত্রে পরিবেশ ফিরিয়া নেওয়ার প্রত্যেকেরই দায়িত্ব ও কর্তব্য। সার্বিক প্রচেষ্টাতেই এই সমস্যা হইতে উত্তরণের পথ খুঁজিয়া পাওয়া যাইবে। পরীক্ষার্থীদের এই কথা মনে রাখিতে হইবে শুধুমাত্র আন্দোলন সংগঠিত করিয়া সমাজে প্রতিষ্ঠা পাওয়া যায় না। সমাজের প্রতি সঠিক দায়িত্ব পালন করিতে হইবে। কর্তব্য পালনের মধ্য দিয়েই সমাজে স্থিতিশীলতা বজায় রাখিবার চেষ্টা করিতে হইবে। যেকোনো ইস্যুতেই আন্দোলনে বাঁপাইয়া পরিয়া সঠিক পদক্ষেপ গ্রহণ করিতে হইবে।

শুভেন্দুসঙ্গী রাখাল বেরার জমিন

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : শুভেন্দু অধিকারীর অনুগামী রাখাল বেরাকে গ্রেফতার করে নানা দুর্নীতির তদন্ত করছিল পুলিশ। অভিযোগ উঠিল বিরোধী দলনেতাকে পাঁচকে ফেলার জন্য, তাঁর ঘনিষ্ঠ নেতাকে হেনস্তা করছে পুলিশ। আসলতে হয় জমিন নয় স্বেচ্ছামৃত্যুর আবেদন জমিনে তিংকার করলে রাখাল। তিনি জানান, পুলিশ তদন্তের নামে অত্যাচার চালাচ্ছে। সোমবার জমিন পেলেন সেই রাখাল বেরা।

অভিযোগ, সোচ দফতর ও পরিবহন দফতরে চাকরি দেওয়ার নামে রাজ্যের বিভিন্ন প্রান্তে টাকা তুলেছে রাখাল। তিনি রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু ঘনিষ্ঠ। মানিকতলায় রাখাল বেরার বিরুদ্ধে সোচ দফতরে চাকরি দেওয়ার নামে প্রতারণার মামলাতে তদন্ত করতই গ্রেফতার করা হয়। এই মামলার তদন্তে সোমবার হাইকোর্টের বিচারপতি রাজশেখর নাথ রাখালকে জমিন দিয়েছেন বলে জানা গিয়েছে। পাশাপাশি বিচারপতি এও জানিয়ে দিয়েছেন, পূর্ববর্তীকালে রাখালের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিয়ে হলে আদালতের অনুমতি নিতে হবে পুলিশকে। আদালতের অনুমতি ছাড়া রাখালের বিরুদ্ধে গ্রেফতারি আদেশ করতে পারবে না পুলিশ। এদিন পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন করেন বিচারপতি। পুলিশের তরফে রাখালের বিরুদ্ধে কোনও উপযুক্ত প্রমাণ আদালতে না দেখানোয় এই জমিন মঞ্জুর হয়েছে বলে জানা হয়েছে। রাখালের আইনজীবী দাবি করেছেন, মিত্যা মামলায় ফাঁসানো হয়েছে তাঁর মজুরকে। এই মামলা নিয়ে আদালতের রায়ে কিছুটা স্বস্তিতে রাখাল বেরা ও শুভেন্দু অধিকারী। যদিও রাখালের বিরুদ্ধে কাঁথি থানায় রচছে একাধিক মামলা কিছুদিন আগে কাঁথি আদালতে চিংকার করে স্বেচ্ছামৃত্যুর আবেদন করেছিলেন রাখাল। হিন্দুস্থান সমাচার/অশোক

এটিএম প্রতারণায় ৯০ হাজার টাকা

খোয়া বৃদ্ধার, থানায় দায়ের অভিযোগ

কলকাতা, ২ আগস্ট (হি. স.) : ছেলের এটিএম কার্ড নিয়ে রাষ্ট্রীয় ব্যাঙ্কের এটিএম থেকে ১০ হাজার টাকা তুলতে গিয়ে প্রতারকের কবলে পড়লেন গম্ফগ্রিনের বাসিন্দা এক বৃদ্ধা। পরে তিনি দেখেন তাঁর অ্যাকাউন্ট থেকে ৯০ হাজার টাকা গায়েব হয়ে গিয়েছে।

সুত্রের খবর, এ নিয়ে ৭৮ বছর বয়সী ওই মহিলা সোমবার গম্ফগ্রিন থানায় অভিযোগ দায়ের করেছেন। শনিবার দুপুরে ছেলের এটিএম কার্ড নিয়ে টাকা তুলতে গিয়েছিলেন সঞ্চমিত্রা ঘোষ নামে ওই বৃদ্ধা। এটিএম থেকে তিনি হাজার দশ টাকা তোলেন। এরমধ্যেই আচমকা এক বৃক এটিএম কার্ডটারের ভেতর ঢুক পড়েন। পুলিশ সূত্রে খবর, অভিযুক্ত বৃদ্ধাকে বলে, আপনি দু দফায় টাকা তুলেছেন। বৃদ্ধা তখন বিভ্রান্ত হয়ে টাকা ওলেন দেখার চেষ্টা করেন। তখন ওই বৃক দ্রুত ব্যাঙ্কের মিনি স্টেটমেন্টটা একবার পরখ করে নেওয়ার ব্যাপারে পরামর্শ দেন। সঞ্চমিত্রা দেবীও সেই অনুসারে মিনি স্টেটমেন্টে দেখেন সব ঠিকই আছে।

পুলিশের ধারণা সেই সুযোগটাই কাজে লাগিয়েছিল প্রতারক। ওই বৃদ্ধার এটিএম কার্ডটি বদলে পাশাপাশি উপকারী রহনবেশে তাঁর কাউন্ডার এটিএম নম্বরটিও সে জেনে নেয়। আর তাতেই সঞ্চমিত্রা দেবীরা কাছ থেকে এটিএম কার্ড হারিয়ে সে প্রায় ৯০ হাজার টাকা তুলে নেয়। পরে তাঁর ছেলে বোমিসকৃত বিষয়টি টের পান। ততক্ষণে এটিএম থেকে টাকা তুলে নিয়েছে প্রতারক। সঞ্চমিত্রা দেখেন তাঁর কাছে যে এটিএম কার্ডটি রয়েছে সেটি তাঁর ছেলের নয়। মিনি স্টেটমেন্ট দেখার সময়তেই প্রতারক ব্যক্তি ওই কার্ডটি কোনওভাবে বদলে দেয় বলে অভিযোগ হিন্দুস্থান সমাচার/ অশোক

ভেবেছিলাম বিগত দেড় বছরের কোভিড-৮৮টা, আলোচনা, লেখালিখি—এবার স্বাভাবিক নিয়মেই কমে আসবে। ভাইরাস চেনা গিয়েছে, তার গতিপ্রকৃতি, বিভাজন প্রক্রিয়া, ছাড়াও এবং নিষ্ক্রিয় থেকে সক্রিয় হয়ে ওঠার পন্থা আর পর্যায়ক্রমে আক্রমণের মধ্যে দিয়ে আচরণগত পরিবর্তনের অনেকাউই বোঝা গিয়েছে। অব্যর্থ এবং নিশ্চিত আরাগের গুণ প্রথম দিকে না থাকলেও নতুন অ্যান্টিভাইরাস, অ্যান্টিবায়োটিক এসে গিয়েছিল। তারপরেই নিবিড় অনুশীলন এবং চালাও আর্থিক বিনিয়োগের সুফল হিসাবে নিশ্চিত প্রতিবেশক অর্থাৎ টিকা তথা ভ্যাকসিন ও অবিকৃত হয়ে গেল—করোনা মহামারীর বয়স এক বছর হওয়ার আগে।

পৃথিবী জুড়ে মনুষ্যসমাজ তখনই স্বস্তির শ্বাস ফেলেছিল। করোনা নিয়ন্ত্রিত হবে আশা করা হয়েছিল। গত বছর অর্থাৎ ২০২০ সালের ডিসেম্বর মাসে ইংল্যান্ডেই প্রথম ভ্যাকসিন ব্যবহারের ছাড়পত্র দেওয়া হয়। লিন ছইলার নামের ৮১ বছরের বৃদ্ধা সাধারণ মানুষের প্রতিনিধি হিসাবে ডিসেম্বর মাসের ৮ তারিখে প্রথম করোনা ভ্যাকসিন নিয়েছিলেন। আমেরিকার 'ফাইজার' কোম্পানি তৈরি করেছিল সেই ভ্যাকসিন। অতঃপর একে একে আরও অন্যান্য বহুজাতিক ও গুণ্য কোম্পানিও পৃথিবীর বিভিন্ন দেশ থেকে বিভিন্ন ধরনের করোনা ভ্যাকসিন তৈরি শুরু করে দেয়। ক্রিয়াশীলতার নিরিখে সামান্য হেরফেরের অভিজ্ঞতা পরিলক্ষিত হলেও প্রতিবেশকর হিসাবে ভ্যাকসিনের আর কোনও বিকল্প নেই, এই সত্য ততদিনে

দশ বছরের উপাসনা এখন একটা নতুন খেলা শিখেছে। বাড়িতে যেখানে পাগড়, সেখানেই সিসিটিভি ক্যামেরা লাগিয়ে চলছে। কাগজ কেটে কেটে সে এই ক্যামেরাগুলো বানাচ্ছে। কেউ কোঁতুল হলে দেখালেই বলছে, 'স্কুলে দুটু মিনি করলেই দিদিমণিরা সিসিটিভি দেখিয়ে কী বলে জানো?' ওই খানে সব ধরা আছে। মিথ্যা কথা বললেই দর। পড়া হবে। সিসিটিভির ভয়ে কোণেও শিশুই মিথ্যা কথা বলতে সাহস পায় না। তার জানে, ওই ক্যামেরাগুলোই আসলে স্কুলের চোখ। স্কুল তার হাজার হাজার চোখ দিয়ে তাদের উপর নজরদারি চালিয়ে যাচ্ছে। তাদের প্রতিটি গতিবিধি রেকর্ড করা এখন একটা জায়গার কথা কল্পনার করে—যা নিয়ন্ত্রিত হয় একটি নজরদারি টাওয়ারের সাহায্যে, তখন আসলে সে নিজের আজ্ঞাতে রাষ্ট্রের আদর্শটিকেই অনুসরণ করে। প্রযুক্তির এই ব্রহ্মরশ্মি রাষ্ট্রকে কতটা শক্তিশালী এবং ব্যক্তি স্বাধীনতাকে কতটা বিপন্ন করে তুলতে পারে, তার জ্বলন্ত ছবি পাওয়া যায় জর্জ অরওয়েলের '১৯৮৪' উপন্যাসে। অরওয়েল এই উপন্যাসটি লিখেছিলেন ১৯৪৯ সালে। এই উপন্যাসে একটি ডিসটোপিয়ান ছবি একেছেন তিনি, যেখানে 'বিগ ব্রাদার' একটি কার্জনিক চরিত্র। এই বইতে এমন একটি সমাজের প্রতিক্রিয়াও আঁকা জোরদার হয়েছে। অরওয়েলের উপন্যাসে যা ছিল 'টেলিস্ক্রিন'—তাই রূপান্তরিত হয়েছে আজকের 'পেগাসাস স্পাইওয়্যার'-এ। অত্যাধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে ক্ষমতার দাবাখেলায় একে অন্যকে কাট করে ব্যক্তি জিতে নিতে চাইছে। ফলে নাগরিকদের ব্যক্তিগত জীবনেও প্রত্যক্ষভাবে ব্যক্তিগত জীবনেও প্রত্যক্ষভাবে গোপনীয়তা, স্বর্ভ হছে, গোপনীয়তার অধিকার। একজন নাগরিকের কাছে তার রাষ্ট্রীয় পরিচয়পত্র কয়েকটি সংখ্যার মধ্যেই আসলে সীমাবদ্ধ।

টনক-ই টনিক

নবকুমার বসু

দেওয়ার খুব মুখের কথা নয় এবং উন্নত আর উন্নয়নশীল দেশে দেশের সংখ্যা কম না এবং দুর্ভাগ্যবশত সেইসব দেশের জনসংখ্যাও অপেক্ষাকৃত বেশি। কিন্তু চেষ্টা করা ছাড়া তো উপায় কিছু নেই এবং স্বাভাবিকভাবেই এর সঙ্গে মিশে যাবে রাজনীতি-অর্থনীতি-দুর্নীতি-ব্যবসা

ঠিক সেই কারণেই, কোভিড চর্চা এবার কমে যাবে বলে যে মনাসিক প্রস্তুতি প্রায় সেরে ফেলেছিলাম, দেখা যাচ্ছে, সে ভাবনায় ভুল ছিল। বরং ভ্যাকসিন পরবর্তী বিশেষ কী কী সাবধানতা প্রবলভাবে এখনও অবলম্বন করা দরকার, এবার সেসব নিয়ে চর্চা শুরু হওয়ার দরকার আরও বেশি। কেননা, তৃতীয় টেউ আসার সূচনাতেই বোঝা গিয়েছে, ভ্যাকসিন মৃত্যুর হার কমালেও



ইত্যাদি। তবে, ভ্যাকসিন ছাড়া উদ্ভাবিত 'হার্ড ইমিউনিটি'-ও (যেটা আমরা অল্প অল্প ভূগতে ভূগতে স্বতঃস্ফূর্তভাবে আহরণ করি) একটা ফ্যাক্টর। এর ফলেও পৃথিবীব্যাপী এখটা বড় জনসংখ্যা কোভিড-রেজিস্ট্রান্ট হয়ে যাবে। অসুস্থ লিডারদের মাধ্যমে এসেছিল যে পৃথিবীর ৮০০ কোটি (এই মাসের হিসাব অনুযায়ী ৭.৯ বিলিয়ন) জনসংখ্যাকে ভ্যাকসিন

ওঠার পরবর্তী প্রতিক্রিয়া নিয়ে? কেননা, ভ্যাকসিন নিলেও (বা পেলেও) কিংবা একবার যা হোক করে সেরে উঠলেও শরীর যে আর বেকায়দা হবে না—'কোভিড ১৯' সম্পর্কে তেমন গ্যারান্টি কেউ দেয়নি। বরং তথাকথিত 'রিইনফেকশন' এবং পোস্ট-ভ্যাকসিন কোভিডে আক্রান্ত হওয়ার সম্ভাবনা আছে—এটাই বাস্তব এখন। আর

'বিগ ব্রাদার' রিয়েলিটি শো

রাহুল দাশগুপ্ত

দুশ্যমান হয়ে ওঠে প্রশ্ন হল, কে এই 'বিগ ব্রাদার'? অরওয়েলের উপন্যাসে ইনি মধ্য চরিত্রের এক ব্যক্তি, পাটির অন্যতম প্রতিষ্ঠাতাও বটে। অসীম ক্ষমতার এই মানুষটিকে কেউ চোখে দেখেনি এবং লোকের বিশ্বাস তাঁর কোনও মৃত্যু নেই। উইনস্টন স্মিথ গ্রেফতার হওয়ার পর জানতে চান, বিগ ব্রাদারের কি সত্যিই কোনও অস্তিত্ব আছে? জবাব দিতে গিয়ে তাঁর নিঃস্বার্থকারী ও 'ব্রায়েন জানান, বিগ ব্রাদার হলেন পাটির মূর্ত বংশ।' যতদিন পাটি আছে, ততদিন তিনিও থাকবেন স্মিথ আবারও জানতে চান, বিগ ব্রাদারের কি বাস্তবের কোনও অস্তিত্ব আছে, তাঁর মতো ও 'ব্রায়েন তখন হেয়ালি করে জানান, আপনার কোনও অস্তিত্ব নেই। উইনস্টন স্মিথ এভাবে বেঁচে থেকে 'বিগ ব্রাদার' এর সঙ্গে আপস না করার অপরাধে রাষ্ট্রের চোখে অস্তিত্বহীন এক ছায়ায় পরিণত হন। তাঁর যুগায় তিনি বলে ওঠেন, আই হেট ইউ বিগ ব্রাদার।

যত দিন গিয়েছে, আবিষ্কে অরওয়েলের এই 'বিগ ব্রাদার'-এর ধারণাটি ততই আরও মোক্ষম হয়ে উঠেছে। অরওয়েল দেন ভবিষ্যতের দিকে তাক করে অব্যর্থ আরও কৌশল সে ব্যবহার করেছে। ফলে নজরদারির প্রক্রিয়াও আঁকা জোরদার হয়েছে। অরওয়েলের উপন্যাসে যা ছিল 'টেলিস্ক্রিন'—তাই রূপান্তরিত হয়েছে আজকের 'পেগাসাস স্পাইওয়্যার'-এ। অত্যাধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে ক্ষমতার দাবাখেলায় একে অন্যকে কাট করে ব্যক্তি জিতে নিতে চাইছে। ফলে নাগরিকদের ব্যক্তিগত জীবনেও প্রত্যক্ষভাবে গোপনীয়তা, স্বর্ভ হছে, গোপনীয়তার অধিকার। একজন নাগরিকের কাছে তার রাষ্ট্রীয় পরিচয়পত্র কয়েকটি সংখ্যার মধ্যেই আসলে সীমাবদ্ধ।

আপনাকে ঠেলে দিল খাদের কিনারে। অর্থাৎ এমন একটা সময়ে আপনি বেঁচে আছেন, যখন আপনকে প্রতি মুহূর্তে সতর্ক হয়ে বাঁচতে হবে। অরওয়েলের উপন্যাসে টয়লেট বা বেডরুমও নিরাপদ ছিল না। গুপ্তচর থিকথিক করছে সর্বত্র। এমনকি, নিজের সবচেয়ে কাছের মানুষটির কানও সেখানে হয়ে উঠতে পারে সাংঘাতিক যাতক। নিজের বলা কোনও কথা বা শব্দও হয়ে উঠতে পারে গলার ফাঁস। অরওয়েল যে 'বিগ ব্রাদার'-এর কথা লিখেছিলেন, তার আদর্শটি তৈরি হয়েছিল স্তালিন এবং তাঁর সময়কার সোভিয়েত রাষ্ট্রকে দেখে এই এমন এক রাষ্ট্র যেখানে ব্যবহার শর্তে অনারের মনুষ্যত্বকে বলি দেওয়া যায়। অরওয়েল ব্রিটিশ সমাজকেই দেখিয়েছিলেন। কিন্তু সেই সমাজকে এনে দেখিয়েছিলেন একজন 'বিগ ব্রাদার'-এর নজরদারির আওতায়। তিনি যেন দেখাতে চেয়েছিলেন, স্তালিন বা তাঁর মতো কেউ যদি এই সমাজকে নিয়ন্ত্রণ করতে—তাহলে সেখানে ব্যক্তি, তার প্রোহ ও স্বাধীনতাকে, ইচ্ছা ও পছন্দকে কীভাবে এনে দাঁড় করানো হত এক নতুন ধরনের বধ্য ভূমিতে। অরওয়েল ভাবতেও পারেননি, নজরদারিকে আমরা এখন মেনে নিয়েছি তা আমাদের মনস্তত্ত্বে এখন আর কোনও আশঙ্কা জগায় না। 'বিগ ব্রাদার'-এর প্রতি ভিনসেন্ট স্মিথের তবু যুগাবোধ ছিল, আমরা স্টেটুক স্বংবন্দনশীলতাকেও রক্ষা করতে পারিনি। নিজেদের যৎপরোনাস্তি জেনে তা করে তুলেছি। এটা কাঙ্ক্ষেই প্রযুক্তি রাষ্ট্র এবং অন্যান্য নজরদারির হাতে তুলে দিয়েছে আরও সুক্ষ্ম কৌশল, অরওয়েলের দুঃসাহসিক কল্পনা যাকে স্পর্শও করতে পারেনি। আর এভাবে আমরা নিজেসাই নিজেদের বধ্যভূমিকে প্রশস্ত করে চলেছি, স্তানুহীন এক আত্মসর্বস্বতায়। এই সত্যকে মেনে নেওয়া ছাড়া কোনও উপায় নেই। (সৌজন্য-সকল প্রতিদিন)



ওবিসি মোর্চার সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী রতন লাল নাথ বক্তব্য রাখেন। ছবিঃ নিজস্ব

সাম্বার চারটি স্থানে দেখা গেল ড্রোন, সুরক্ষা বাহিনীর নজরে আসতেই উধাও

জম্মু, ২ আগস্ট (হি.স.): জম্মু ও কাশ্মীরের আকাশে ফের সন্দেহভাজন ড্রনের দেখা মিলল। রবিবার গভীর রাতে সাম্বার জেলার বারি ব্রাহ্মণা থানা এলাকার চারটি স্থানে চারটি সন্দেহজনক ড্রোন আকাশে উড়তে দেখা যায়। তার মধ্যে একটি সেনা ছাউনির কাছেই উড়ছিল বলে জানা গিয়েছে। সাম্বার এসএসপি রাজেশ শর্মা জানিয়েছেন, রবিবার রাতে সাম্বার জেলার বারি ব্রাহ্মণা এলাকার চারটি স্থানে ড্রোন উড়তে দেখা যায়। কর্তব্যরত পুলিশ কর্মীরা প্রথমে ড্রোনগুলি দেখতে পান। সঙ্গে সঙ্গে তাঁরা সেখানে মোতায়েন ৯২ ইন্সফ্যান্ট্রি ব্রিগেডকে পুরো বিষয়টি জানান। তবে ড্রোনগুলি অনেকটাই উঁচুতে উড়ছিল।

ড্রোনগুলি বেশিক্ষণ আকাশে ছিল না বলেই জানা গিয়েছে। প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে, পাকিস্তান থেকে সীমান্ত পেরিয়ে ভারতে ঢুকেছিল ড্রোনগুলি। কোথা থেকে সেগুলি ওড়ানো হয়েছিল তা খতিয়ে দেখাচ্ছে সেনা। প্রায় এক মাস হয়ে গেল, জম্মু ও কাশ্মীরের আকাশে মাঝেমাঝেই উড়তে দেখা যাচ্ছে সন্দেহভাজন ড্রোন। বারবার ড্রোনের এই গতিবিধি চিন্তা বাড়িয়েছে।

সদনে যদি ঠিকভাবে কাজ না হয়, সেজন্য সরকারই দায়ী : খাড়গে

নয়াদিল্লি, ২ আগস্ট (হি.স.): সংসদের বাদল অধিবেশনের শুরু থেকেই পেগাসাস, কৃষি আইন-সহ বিভিন্ন ইস্যুতে উজ্জ্বল সংসদের উভয়কক্ষ স্বাভাবিকভাবে কাজই হচ্ছে না লোকসভা ও রাজসভায়। সরকার বলছে, বিরোধীরা এজন্য দায়ী। কিন্তু, সোমবার কংগ্রেস নেতা মঞ্জির্কার্জন খাড়গে বলেন, ‘সদনে যদি ঠিকভাবে কাজ না হয়, সেজন্য সরকারই দায়ী।’ খাড়গের সংযোজন, সরকার উম্মুক্ত হতে চাইছে না। কারণ তাঁরা জানেন পেগাসাস নিয়ে যদি আলোচনা হয় তাহলে তাঁরা চ্যান্সেলের মুখোমুখি হবেন এবং তাঁদের মর্যাদা হারাবেন।

সোমবার সকাল ১০.১৫ মিনিট নাগাদ রাজসভায় কংগ্রেসের বিরোধী দলনেতা মঞ্জির্কার্জন খাড়গের অফিসে মিলিত হন রাজসভার বিরোধী নেতা। সেখানে বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এদিন মঞ্জির্কার্জন খাড়গে বলেন, ‘সদনে যদি ঠিকভাবে কাজ না হয়, সেজন্য সরকারই দায়ী।’ সরকার উম্মুক্ত হতে চাইছে না। কারণ তাঁরা জানেন পেগাসাস নিয়ে যদি আলোচনা হয় তাহলে তাঁরা চ্যান্সেলের মুখোমুখি হবেন এবং তাঁদের মর্যাদা হারাবেন। সরকার বলছে তাঁরা আলোচনার জন প্রস্তুত, আসলে সরকার আলোচনা চাইছেই না। খাড়গে আরও বলেন, সরকার চাইছে এভাবেই চলুক সংসদের অধিবেশন। যাতে এভাবেই তাঁদের বিল পাশ হয়ে যায় এবং মুদ্রাস্ফীতি, কোভিড, জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি, রাফাল সবকিছু লুকিয়ে থাকে।’ হিন্দুস্থান সমাচার। রাফেশ।

কালিম্পাঙ্গে প্রবল বৃষ্টির জেরে ধস অবরুদ্ধ ১০ নম্বর জাতীয় সড়ক

কালিম্পাং, ২ আগস্ট (হি.স.): লাগাতার বৃষ্টির জেরে ধস নামল কালিম্পাং জেলার শ্বেতীঝোরায়। পাথর পড়ে বন্ধ হয়ে গিয়েছে ১০ নম্বর জাতীয় সড়ক। ফলে কালিম্পাং ও সিকিমের মধ্যে সড়ক যোগাযোগ ব্যবস্থা অবরুদ্ধ হয়ে পড়েছে। রবিবার রাতে ১০ নম্বর জাতীয় সড়কের উপরে বিস্তীর্ণ এলাকা জুড়ে ভূমিধস নামে। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় প্রশাসনে। মুদ্রকলীন তৎপরতায় পাথর সরানোর কাজ শুরু হয়। প্রশাসনের তরফে পর্যটকদের জন্যও সতর্কবার্তা দেওয়া হয়েছে। সিকিম থেকে কালিম্পাংয়ের দিকে আসা পর্যটকদের ১০ নম্বর জাতীয় সড়ক না ধরে ভার বদলে রংপা-মুনসং-লাভা-গুরুবাথান হয়ে আসার নির্দেশ দেওয়া হয়েছে। ব্যক্তিদের পেশাক-বাড়িগিয়ে পথ ধরে যাতায়াত করার নির্দেশ দিয়েছে প্রশাসন। হিন্দুস্থান সমাচার। রাফেশ।

দার্জিলিং জাতীয় সড়কে ভয়াবহ ধস, বন্ধ সিকিম যাওয়ার রাস্তা

দার্জিলিং, ২ আগস্ট (হি.স.): দার্জিলিং-এ জাতীয় সড়কে ভয়াবহ ধস নেমে বন্ধ রাস্তা। রবিবার রাতে এই ধস নামে। বন্ধ হয়ে গিয়েছে সিকিম যাওয়ার রাস্তা। রাস্তা সেই সময় ফাঁকা থাকা কোনো দুর্ঘটনা ঘটেনি। সোমবার সকালে শুরু হয়েছে রাস্তা পরিষ্কার করার কাজ।

জনা গেছে, দার্জিলিং-এর শ্বেতীঝোড়ায় নেমেছে এই ব্যাপক ধস। শ্বেতীঝোড়ায় এনএইচ ১০ ধরেই শিলিঙড়ি থেকে কালিম্পাং ও সিকিমের দিকে যাওয়া যায়। রবিবার রাত ১১ টায় রাত্রে ধস নামে ওই রাস্তায়। প্রবল বৃষ্টিতে মাটি আলগা হয়ে ধস নামে। বিস্তীর্ণ এলাকা জুড়ে পাথর নেমে এসে বন্ধ হয়ে গিয়েছে ওই জাতীয় সড়ক। সকাল হতেই রাস্তা খোলার কাজ শুরু হয়েছে। যত দ্রুত সম্ভব রাস্তা থেকে পাথর সরানোর চেষ্টা চলছে। হিন্দুস্থান সমাচার / সোনািল

কোভিড-টিকার দ্বিতীয় ডোজ নিলেন যোগী, টুইটে প্রকাশ করলেন খুশি

লখনউ, ২ আগস্ট (হি.স.): করোনাভাইরাসের টিকার দ্বিতীয় দফার ডোজ নিলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যানাথ। সোমবার করোনা-টিকার দ্বিতীয় দফার ডোজ নেওয়ার পর টুইটে নিজের খুশি বক্তব্য করেছেন যোগী আদিত্যানাথ। হিন্দিতে টুইট করে যোগী লিখেছেন, ‘স্বদেশী কোভিড ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার পর ভীষণ খুশি লাগছে। প্রধানমন্ত্রীর মার্গসঙ্গি করোনা ভ্যাকসিনের এই সুরক্ষা কবচ সকলকে বিনামূল্যে দেওয়া হচ্ছে। আপনারা সকলেই টিকা নিন। তবেই কারোনা হারবে ও ভারত জিতবে।’

টিকা নেওয়ার পর একটি ছবিও নিজের টুইটার হ্যান্ডলে আপলোড করেছেন যোগী। এর আগে গত ৫ এপ্রিল করোনাভাইরাসের প্রথম দফার টিকা নিয়েছিলেন যোগী আদিত্যানাথ। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী ভারত বায়োটেকের কোভাক্সিন টিকা নিয়েছেন।

স্কুল খুলে গেল পঞ্জাবে, শিক্ষাঙ্গনে ফিরে খুশি ছাত্র-ছাত্রীরা

অমৃতসর, ২ আগস্ট (হি.স.): পঞ্জাব সরকার ‘সবুজ সঙ্কেত’ দিয়েছিল গত শনিবার। অমরিন্দর সিং সরকারের গ্রিন সিগন্যাল পাওয়ার পর থেকেই শিক্ষাঙ্গন উন্মুক্ত করার প্রস্তুতি চলছিল, অবশেষে পঞ্জাবে সমস্ত স্কুলের জন্য খুলে দেওয়া হল স্কুল। অমৃতসর থেকে লুিয়ানা, পানীয়াল থেকে জলন্ধর-পঞ্জাবের সর্বত্রই কোভিড-সতর্কতা মেনেই সোমবার থেকে খুলে দেওয়া হয়েছে স্কুল। শুরু হয়েছে সমস্ত ক্লাসের পঠনপাঠন। প্রায় এক-বছর পর পঞ্জাবে খুলল স্কুল। অনলাইনে ক্লাসে হাঁকিয়ে পড়া ছাত্র-ছাত্রীরা, শিক্ষাঙ্গনে ফিরে অত্যন্ত খুশি। তবে, অনেকেই টিকা না পাওয়ায় স্কোভ প্রকাশ করেছেন।

এদিন সকালে লুয়িয়ানার একটি সরকারি স্কুলের প্রিন্সিপাল জানিয়েছেন, ‘দু’টি শিফটে শুরু হয়েছে আমাদের স্কুল। প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত ৪০ শতাংশ ছাত্র-ছাত্রীরা স্কুলে এসেছে। দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরু হবে যারোটা থেকে। অভিভাবক ও ছাত্র-ছাত্রীরা ভীষণ খুশি।’ অমৃতসরের একটি সরকারি গার্লস স্কুলের প্রিন্সিপাল মন্দীপী কৌর জানিয়েছেন, ‘স্কুলে মাস্ক পরা বাধ্যতামূলক। সমস্ত শিক্ষকরাই ভ্যাকসিনের ‘দু’টি ডোজ নিয়েছেন। অনলাইন ক্লাসও চলতে থাকবে। ছাত্র-ছাত্রীদের স্কুলে আসতেই হবে, এমনটা বাধ্যতামূলক নয়।’ প্রসঙ্গত, পঞ্জাব ছাড়াও হুশিয়ানাও একদিন থেকেই খুলে দেওয়া হয়েছে। ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের কোভিড-বিধি মেনে চলা আবশ্যিক। প্রায় এক বছর পর স্কুলে ফিরে খুশি ছাত্র-ছাত্রীরা। হিন্দুস্থান সমাচার। রাফেশ।

পুরোহিতের সঙ্গে অভব্য আচরণ! বিজেপি সংসদের বিরুদ্ধে মামলা

আলমোরা (উত্তরাখণ্ড), ২ আগস্ট (হি.স.): মন্দিরের পুরোহিতের সঙ্গে অভব্য আচরণের দায়ে মামলা দায়ের হল উত্তর প্রদেশের বিজেপি সংসদ ধর্মেজ কাশ্যপের বিরুদ্ধে। ধর্মেজ কাশ্যপ ছাড়াও তাঁর কয়েকজন বন্ধুর বিরুদ্ধেও একাইআর দায়ের করা হয়েছে। উত্তরাখণ্ডের আলমোরা জেলায় জগেশ্বর ধামে পুরোহিতের সঙ্গে অভব্য আচরণ করেছিলেন উত্তর প্রদেশের বিজেপি সংসদ ধর্মেজ কাশ্যপ ও তাঁর বন্ধুরা। ধর্মেজ কাশ্যপ উত্তর প্রদেশের অননলা লোকসভার আসনের বিজেপি সাংসদ। ধর্মেজ ও তাঁর বন্ধুদের বিরুদ্ধে একাধিক ধারায় মামলা দায়ের করা হয়েছে। উত্তরাখণ্ডের আলমোরা জেলার সাব-ডিভিশনাল ম্যাজিস্ট্রেট (এসডিএম) মণিকা জানিয়েছেন, ‘জগেশ্বর ধামে পুরোহিতের সঙ্গে অভব্য আচরণ করার দায়ে উত্তর প্রদেশের বিজেপি সাংসদ ধর্মেজ কাশ্যপ ও তাঁর বন্ধুদের বিরুদ্ধে একাইআর দায়ের করা হয়েছে।’ ভারতীয় দপ্তরবিধি ১৮৮ ও ৫০৪ নম্বর ধারায় মামলা দায়ের করা হয়েছে। হিন্দুস্থান সমাচার। রাফেশ।

পাণ্ডুয়া স্টেশনে রেল অবরোধ, বর্ধমান মেনে লাইনে বন্ধ ট্রেন পরিষেবা

ছগলি, ২ আগস্ট (হি.স.): কোভিড-পরিষ্কৃতির কারণে প্রায় আড়াই মাস ধরে রাজ্যে বন্ধ রয়েছে লোকাল ট্রেন পরিষেবা। সর্বসাধারণের জন্য লোকাল ট্রেন পরিষেবা স্বাভাবিক করার দাবিতে ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে রেল অবরোধ করা হয়েছে। তা সত্ত্বেও লোকাল ট্রেন পরিষেবা চালু করা হয়নি, এবার লোকাল ট্রেন চলাচল স্বাভাবিক করার দাবিতে রেল অবরোধ করা হল ছগলি জেলার পাণ্ডুয়ায়। সোমবার সকাল সাটটা থেকে পাণ্ডুয়া স্টেশনে অবরোধ শুরু করেন যাত্রীরা।

বিক্ষোভকারীদের দাবি, আগের সূচি মেনে ট্রেন চালাতে হবে এবং ট্রেনের সংখ্যা আরও বাড়াতে হবে। এই বিক্ষোভের জেরে বর্ধমান মেনের ডাউন লাইনে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। বিক্ষোভ তুলতে ঘটনাস্থলে পৌঁছয় রেল পুলিশ। রেল পুলিশকে দেখে বিক্ষোভের মাঝে আরও বেড়ে যায় বলে অভিযোগ। ট্রেন লক্ষ্য করে পাথর ছোড়ার অভিযোগ উঠেছে অবরোধকারীদের বিরুদ্ধে। প্রসঙ্গত, প্রায় আড়াই মাস ধরে রাজ্যে বন্ধ রয়েছে লোকাল ট্রেন পরিষেবা। যদিও স্টাফ স্পেশ্যাল ট্রেন চলছে। সেই ট্রেনে চেপেই কর্মস্থলে যেতে হচ্ছে সাধারণ মানুষজনকে। কিন্তু, ট্রেনের সংখ্যা কম থাকায় ভিড় হচ্ছে, সংক্রমণের আশঙ্কাও থাকছে। তাই অফিসের সময় ট্রেন বাড়ানোর দাবি করছেন বিক্ষোভকারীরা। স্টাফ স্পেশ্যাল ট্রেনে ওঠার হাওড়ায় ধরপাকড় করা হচ্ছে বলেও অভিযোগ তুলেছেন তাঁরা। পাশাপাশি সব স্টেশনে দৈনিক টিকিট না দেওয়ারও অভিযোগ করেছেন তাঁরা। হিন্দুস্থান সমাচার। রাফেশ।

অসম : সোনাপুরে ৬নম্বর জোয়াই-বদরপুর জাতীয় সড়কে ধস, ৮ ঘটটা পর সচল যোগাযোগ ব্যবস্থা

সোনাপুর (মেঘালয়), ২ আগস্ট (হি.স.): রবিবার সারা রাতব্যাপী ভারী বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের সোনাপুরে উঁচু পাহাড় ধসে জোয়াই-বদরপুর (অসম) ৬ নম্বর জাতীয় সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। সোনাপুরের দুর্গাকার্টিং এলাকার শিব মন্দিরের পূর্ব দিকে জাতীয় সড়কের ওপর বিসালাকারের পাথর ও মাটি ধসে পড়ে। ঘটনা আজ সোমবার ভোর ছয়টা নাগাদ সংঘটিত হয়েছে বলে জানা গেছে। প্রতি বছর বর্ষার মরশুমে সোনাপুরের ধসপ্রবণ ওই এলাকার ভূমিস্থলান ঘটে থাকে। অতি স্পর্শকাতর ওই এলাকার রাস্তার ওপর ধস পড়ার ফলে স্বাভাবিকভাবে দেশের অন্যান্য স্থানের সঙ্গে বরাক উপত্যকার কাছাড়-হইলাকান্দি ও করিমগঞ্জের তিন জেলার পাশাপাশি পার্শ্ববর্তী রাজ্য ত্রিপুরা এবং মিজোরামের সড়কপথে যোগাযোগ বিচ্ছিন্ন ঘটে। তবে এ মুহূর্তে কোনো অতিমারির দরুন কোভিড প্রটোকল লাগু থাকায় আন্তঃরাজ্য এবং আন্তঃজেলা তথা দূরপাল্লার যাত্রীবাহী যানবাহনের যাতায়াত এমনিতেই বন্ধ। ফলে সোনাপুরে এ বছরের ভূমিধসে যাত্রী হারানির মতো তেমন ঘটনা ঘটেনি। তবে পণ্যবাহী অসংখ্য লরি ধসের কবলে পড়ে জাতীয় সড়কের দু-পাশে আটকে পড়ে। ভোর ছয়টা নাগাদ ধস পড়ার সাথে সাথেই মেঘালয়ের দুর্গাঘে মোকাবিলা কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মীরা তৎপরতার সঙ্গে গুরুত্বপূর্ণ রাস্তাটি ধসমুক্ত করতে মাটি সারাইয়ের কাজে হাত লাগান। আজ দুপুর দুটা নাগাদ সড়কটি গাড়ি চলাচলের উপযোগী করে তোলা হয়েছে বলে জানা গেছে।

রাজ্যের ২২০ জন ‘প্রাক্তন মাওবাদী’কে স্পেশ্যাল হোম গার্ডের চাকরি দিল নবান্ন

কলকাতা, ২ আগস্ট (হি.স.): জঙ্গলমহলে মাওবাদী কার্যকলাপে যুক্ত চার জেলার আরও ২২০ জনকে স্পেশ্যাল হোমগার্ডের চাকরি দিল রাজ্য সরকার। রাজ্যে পালাবদলের পরে ইতিমধ্যেই মোট তিন ধাপে প্রায় ৫০০ জনকে চাকরি দিয়ে দিয়েছে রাজ্য। এবার চতুর্থ ধাপে সোমবার নেতাজি ইন্ডোর থেকে ডাচুয়ালি ওই চাকরির নিয়োগপত্র আনুষ্ঠানিকভাবে তুলে দেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। ওই অনুষ্ঠানের সময় পুর্কলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুরেও জেলাশাসক কার্যালয়ে একটি অনুষ্ঠান হয়। সেখানে সংশ্লিষ্ট পুলিশ সুপার ও জেলাশাসকের উপস্থিতিতে প্রাক্তন মাওবাদীদের হাতে হাতে ওই নিয়োগপত্র তুলে দেওয়া হয়। চার জেলার ২২০ জনের মধ্যে

সবচেয়ে বেশি পশ্চিম মেদিনীপুরে ১১০ জনকে এই চাকরি দেওয়া হচ্ছে। তারপরেই রয়েছে ঝাড়গ্রাম। একদা মাওবাদী উপদ্রুত এই জেলায় ওই চাকরি দেওয়া হচ্ছে ৮০ জনকে। পুর্কলিয়ায় এই চাকরি মিলছে ১৯ জনের। বাঁকুড়ায় ১১ জনের। চার জেলার মোট ২২০ জনের মধ্যে মহিলা রয়েছেন ২৩ জন। এদের মধ্যে সকলেই মাওবাদী স্কোয়াডে ছিলেন এমন নয়। তাদের কার্যকলাপে সহায়তা করা লিংকমানকেও এই স্পেশ্যাল হোম গার্ডের চাকরি দিল রাজ্য। সিপিআই (মাওবাদী)-র শহিদ সপ্তাহ (২৮ জুলাই-৩ আগস্ট)-র মধ্যেই রাজ্য সরকারের এই পদক্ষেপে জঙ্গলমহলে আরও কোণঠাসা হয়ে গেল মাওবাদীরা। যদিও বাংলার সীমানায় ঝাড়খণ্ডে তাদের কার্যকলাপ চলছেই।

এখনও এ রাজ্যের ছয় শীর্ষ মাও নেতাকে আত্মসমর্পণ করাতে পারেনি বাংলা-ঝাড়খণ্ড পুলিশ-সহ ওই দুই রাজ্যে মোতায়েন থাকা কেন্দ্রীয় বাহিনী। নিজস্ব নেটওয়ার্কে পুলিশ, গোয়েন্দা এমনকি কেন্দ্রীয় বাহিনী স্কোয়াড পর্যন্ত আত্মসমর্পণের বার্থ পাঠালেও কোনো সাড়া মেলেনি। ফলে এ রাজ্যের জঙ্গলমহলের ‘গ্যাং অফ সিঙ্গেল’ নিয়ে মাথাব্যথা চলছে। রাজ্যের স্বরাষ্ট্র বিভাগ সূত্রে জানা গিয়েছে, মেদিনীপুরে যে ১১০ জন এই চাকরি পাচ্ছেন তার মধ্যে পুরুষ রয়েছে ১০৪ জন। মহিলা ৬ জন। ঝাড়গ্রামে ৮০ জনের মধ্যে পুরুষ ৬৮ জন, মহিলা ১২ জন। পুর্কলিয়ায় ১৯ জনের মধ্যে পুরুষ ১৫ জন, মহিলা ৪ জন। বাঁকুড়ায় ১১ জনের মধ্যে ১০ জন পুরুষ, একজন মহিলা। বর্তমানে এই স্পেশ্যাল হোমগার্ডরা ফি মাসে বেতন পান ১৭ হাজার টাকা। এছাড়া ঘর ভাড়া ও চিকিৎসা খরচ বাবদ আরও সাড়ে পাঁচ হাজার টাকা দেওয়া হচ্ছে। তবে যারা মাওবাদী স্কোয়াড থেকে আত্মসমর্পণের মধ্য দিয়ে প্যাকেজের আওতায় এসে এই চাকরি পাচ্ছেন। সেই সঙ্গে কেন্দ্র বা বিভিন্ন রাজ্যের যাদের মাথার দাম ধার্য রয়েছে তাদেরকে আলাদা ভাবে দু'লাখ টাকার স্থায়ী আমানত করে দেওয়া হয়েছে তিন বছরের জন্য। তবে এই স্থায়ী আমানত সংশ্লিষ্ট পুলিশ সুপার ও আত্মসমর্পণকারী মাওবাদীদের নামে বৈধভাবে রয়েছে। যাতে আক্ষরিক অর্থেই প্রোগ্রাম ছাড়া নিদিষ্ট সময়ের আগে ওই টাকা তুলতে না পারেন।

অসম : প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত সন্তোষমোহনের চতুর্থ মৃত্যুবার্ষিকী পালন করিমগঞ্জ জেলা কংগ্রেসের

করিমগঞ্জ (অসম), ২ আগস্ট (হি.স.): প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত সন্তোষমোহন দেবের চতুর্থ মৃত্যুবার্ষিকী অত্যন্ত শ্রদ্ধা ও আবেগের সঙ্গে পালন করেছে করিমগঞ্জ জেলা কংগ্রেস। জেলা সদর কার্যালয় হিন্দী ভবনে এ উপলক্ষে আজ সোমবার বেলা বারোটায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা সভাপতি সতু রায়ের পৌরোহিত্যে অনুষ্ঠিত আলোচনা সভার প্রারম্ভেই প্রয়াত নেতার প্রতিকৃতিতে মালদান ও পুষ্পাঞ্জলি অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন জেলা কংগ্রেসের

নেতাগণ। আলোচনা সভায় প্রত্যেক বক্তা প্রাসঙ্গিক বক্তব্যে প্রয়াত নেতা সন্তোষমোহন দেবের দীর্ঘ রাজনৈতিক জীবনের বিভিন্ন উল্লেখযোগ্য অবদানের ওপর আলোকপাত করেন। বর্তমান সময়ে বাঙালি জাতির এই চরম দুর্দিনে সন্তোষমোহন দেবের লড়াইকু মানসিকতার দৃষ্টান্তকে অনুপ্রাণ করে চলার আহ্বান জানান সভাপতি। আজকের দিনে প্রয়াত সন্তোষমোহন দেবের সূচনীয় নেতৃত্বের অভাবও প্রবলভাবে পরিলক্ষিত হচ্ছে বলে বক্তাগণ তাঁদের বক্তব্যে তুলে ধরেন।

অনেক বাধা বিঘ্ন উপেক্ষা করে বরাক উপত্যকা তথা সমগ্র উত্তর-পূর্বপ্রদেশের সার্বিক উন্নয়নে প্রয়াত নেতা সন্তোষমোহন দেবের অসাধারণ কৃতিত্বের স্বাক্ষর রেখে গিয়েছেন, আজকের আলোচনা সভায় প্রত্যেক বক্তা এর ভূয়সী প্রশংসা করেন। আলোচনা সভার শেষে প্রয়াত নেতা সন্তোষমোহন দেবের লোকান্তরিত আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করেন জেলা কংগ্রেসের নেতাগণ। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত সন্তোষমোহন দেবের চতুর্থ মৃত্যু

বার্ষিকী উপলক্ষে আয়োজিত এদিনের আলোচনা সভায় বক্তব্য পেশ করেছেন প্রদেশ কংগ্রেস কমিটির কার্যনির্বাহী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, জেলা কংগ্রেসের কার্যনির্বাহী সভাপতি বিশ্বজিৎ ঘোষ, প্রশাসনিক সম্পাদক সুরজ দেব, সাধারণ সম্পাদক পঙ্কজ নাগ, মুখপাত্র শুভঙ্কর দাস, মহিলা লোকান্তরিত আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করেন জেলা কংগ্রেসের নেতাগণ। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত সন্তোষমোহন দেবের চতুর্থ মৃত্যু

অসম : ১৬ আগস্ট থেকে চলবে আন্তঃজেলা জনপরিবহণ শিথিল হবে কোভিড-কারফিউ, জানান মুখ্যমন্ত্রী

গুয়াহাটি, ২ আগস্ট (হি.স.): আগামী ১৬ আগস্ট থেকে আন্তঃরাজ্য যাতায়াতে নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হবে। সেই সঙ্গে শিথিল হবে কারফিউও জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। রাজ্যে কোভিড পরিস্থিতির সামান্য উন্নতি হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে সরকারিভাবে আজ সোমবার নয়া স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিজিওর প্রকাশ করা হবে। এরই মধ্যে মুখ্যমন্ত্রী রাজ্যে কোভিড পরিস্থিতির কিছুটা উন্নতি হওয়ার

সন্তোষ ব্যক্ত করে নয়া কোভিড এসওপি-র তথ্য তুলে ধরেছেন। তিনি বলেন, কোভিডের বর্তমান পরিস্থিতি এবং এর চেয়ে উন্নত হলে আগামী ১৬ আগস্ট থেকে আন্তঃরাজ্য যাতায়াতের ক্ষেত্রে জারিকৃত নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সব জেলায় জারিকৃত কোভিড-কারফিউ শিথিল করা হবে। সে অসহায়ী লখিমপুর এবং গোলাঘাট জেলায় পর্বর্তী নিরশে না দেওয়া পর্যন্ত প্রতিদিন বেলা

১.০০টা পর্যন্ত দোকানপাট, বাজারহাট ইত্যাদি খোলা থাকবে। তবে এই দুই জেলায় বেলা ২.০০টা থেকে ভোর ৫.০০টা পর্যন্ত কোভিড-কারফিউ বলবৎ হবে। এছাড়া অন্য সব জেলায় বিকেল ৪.০০টা পর্যন্ত খোলা থাকবে দোকানপাট। এছাড়া বিকেল ৫.০০টা থেকে ভোর ৫.০০টা পর্যন্ত বলবৎ হবে কারফিউ। তবে তিনি এ-ও জানান, আগামী ৭ আগস্ট থেকে সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত দোকানপাট ইত্যাদি খোলা রাখার

অনুমতি দেওয়ার ব্যাপারে সরকার ভাবনাচিন্তা করছে। পাশাপাশি আগামী সাড়দিন রাজ্যের কোভিড পরিস্থিতির ওপর নজর রেখে পর্য্যালোচনা করা হবে বলেও জানান মুখ্যমন্ত্রী ড শর্মা। অন্যদিকে, কোভিড পরিস্থিতি এভাবে উন্নত হতে থাকলে দশম এবং দ্বাদশ শ্রেণি, স্নাতক চূড়ান্ত, স্নাতকোত্তর শ্রেণির পাঠদান আগামী ১ সেপ্টেম্বর থেকে শুরু হবে পাঠে বলে ইঙ্গিত দিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা।

সেপ্টেম্বরে জাতিসংঘ সম্মেলনে যোগ দেবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা

মনির হোসেন,ঢাকা, ০২ আগস্ট। আগামী সেপ্টেম্বরে জাতিসংঘের সম্মেলনে অনুষ্ঠিত সশরীরে যোগ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্কে সীমিত পরিসরে দুই সপ্তাহব্যাপী এই সম্মেলনে অনুষ্ঠিত হবে। এটি হবে দীর্ঘ ১৯ মাস পর বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রথম বিশেষ সফর।

সোমবার (২ আগস্ট) রাষ্ট্রীয় অতিথি ভবন পদায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড এ কে আব্দুল মোমেন এ তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, নিউইয়র্কে সীমিত আকারে ১৪ সেপ্টেম্বর থেকে দুই সপ্তাহব্যাপী জাতিসংঘের

আমাদের নেতৃত্ব দেবেন। ড মোমেন বলেন, এবারের সম্মেলন খুব সীমিত আকারে হবে। জাতিসংঘ অমেক কম লোকজনকে নিয়ে যেতে বলাচ্ছে। কোনো সাইড ইভেন্টে জাতিসংঘ সদর দফতরের ভেতরে হবে না। সেখানে দুটি উচ্চ পর্যায়ের বৈঠক হবে। একটি পরমাণু শক্তি নিয়ে, যা গতবার প্রধানমন্ত্রীর পক্ষ থেকে আমি অংশ নিয়েছিলাম। আর একটি হবে বিশ্ব পরিষ্কৃতি নিয়ে। ওই সফরে কোনো কমিউনিটির সঙ্গে প্রধানমন্ত্রী সরাসরি সাক্ষাৎ হওয়ার সম্ভাবনা কম বলে জানান পররাষ্ট্রমন্ত্রী।

থেকে ২৬ সেপ্টেম্বর উচ্চ পর্যায়ের সম্মেলন অনুষ্ঠিত হবে। আশা করছি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ডেল্টা ভ্যারিয়েন্টে বিপর্যস্ত অস্ট্রেলিয়া, নিয়ম মানাতে সিডনির রাস্তায় নেমেছে সেনাবাহিনী

সিডনি, ২ আগস্ট (হি. স.): ডেল্টা ভ্যারিয়েন্টে কার্য বিপর্যস্ত অস্ট্রেলিয়া। সংক্রমণ রফতে লকডাউনের মেয়াদ বাড়ছে অধিকাংশ জায়গায়। নিয়ম মানতে রাস্তায় নামানো হচ্ছে সেনাবাহিনীও। সিডনিতে লকডাউনের মেয়াদ বেড়েছিল বাড়িয়ে, সোমবার থেকে কুইন্সল্যান্ড প্রশাসনও ব্রিসবেনে লকডাউনের মেয়াদ বাড়াল। সমস্ত বাসিন্দারা ঘরে লকডাউনের নিয়ম মেনে যাতে থাকেন, সেই জন্য সিডনির রাস্তায় নামানো হয়েছে সেনাবাহিনী। তারা টেল দিচ্ছে গোটান্বালা। এদিকে, কুইন্সল্যান্ডেও সোমবার নতুন করে ১৩ জন আক্রান্তের খোঁজ মিলেছে, যা চলতি বছরে সেই অঞ্চলে সর্বোচ্চ দৈনিক আক্রান্তের সংখ্যা। মঙ্গলবারই ব্রিসবেনে লকডাউন শেষ হওয়ার কথা ছিল, কিন্তু বাড়তি সংক্রমণের কথা মাথায় রেখে আপাতত রবিবার অবধি বিধিনিষেধের মেয়াদ বাড়িয়ে রাখা হবে। স্টেট ডেপুটি প্রিমিয়ার স্টিভেন হাইলস বলেন, ‘যে হারে সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে, তাতে বোঝাই যাচ্ছে বেশ প্রাথমিক লকডাউনের মাধ্যমে সংক্রমণ রোধা যাবে না। দীর্ঘসময়ের জন্য কড়া লকডাউনের প্রয়োজন।’

আক্রান্তের সংখ্যা বাধি দেশগুলির তুলনায় অনেক কম থাকলেও, সম্প্রতিই ডেল্টা ভ্যারিয়েন্টের দাপটে সংক্রমণ বাড়তে শুরু করেছে। দেশে এখনও অবধি কোনো আক্রান্তের সংখ্যা ৩৪ হাজার ৪০০, যা ভারতের দৈনিক আক্রান্তের তুলনায় কম। টিকাকরণের দিক থেকে অস্ট্রেলিয়া এখনও অনেকটা পিছিয়ে থাকায় আপাতত লকডাউন জারি রাখার সিদ্ধান্তই নিয়েছে প্রশাসন। দেশের ৭০ শতাংশ জনগণ কোনো টিকা পেয়ে গেলে লকডাউনই শিথিল করে দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী স্কট মরিসন। তবে আপাতত মাত্র ১৯ শতাংশ মানুষই করোনা টিকা পেয়েছেন সেখানে। সংক্রমণ নিয়ন্ত্রণে রাখতে দেশে সেনাবাহিনীরও সাহায্য নেওয়া হচ্ছে। সোমবার থেকেই ৩০০ সেনাবাহিনী সিডনিতে প্রতিটি বাড়ি গিয়ে খোঁজ নেন এবং করোনা আক্রান্তরা নিজেদের আইসোলেশনে রাখছেন কিনা, সেই বিষয়টি নিশ্চিত করবেন। এছাড়াও রাস্তায় নিয়মিত সেনাবাহিনী ও পুলিশকর্মীরা টহল দেবে, যাতে খুব জরুরি প্রয়োজন ছাড়া রাস্তায় কেউ না হর হয়। হিন্দুস্থান সমাচার / সোনালি



হরেকরকম হরেকরকম হরেকরকম

পেঁপের চার পর্শ্বপ্রতিক্রিয়া জানুন

পেঁপের গুণ জানেন না এমন মানুষ কমই আছে। পেট থেকে গুরু করে ত্বক ও সুস্থ শরীরের জন্য হাজারো উপাদানে ঠাসা এই পেঁপে। সালাদ বানিয়ে খান অথবা এক গ্লাস পেঁপের জুস খান উপকার পাবেন। পেঁপে লো ক্যালোরি সবজি, এতে রয়েছে অ্যান্টিবায়োটিকেরিয়াল নানান উপাদান যা হজম শক্তি বৃদ্ধিতে কাজ করে। কোষ্ঠকাঠিন্যের সমস্যায় পেঁপের ঝোল খুবই উপকারী। পেঁপের মধ্যে থাকা বিটা ক্যারোটিন

কাজে দেয়। ফাইবার যুক্ত পেঁপে মাংস সেক্ত করতে তো সকলেই ব্যবহার করেন। কিন্তু এত গুণ থাকা সত্ত্বেও পেঁপের কিছু পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে। নিম্নে পেঁপের চারটি সাইড এফেক্ট তুলে ধরা হলো- ১) গর্ভবতী নারীদের ক্ষেত্রে পেঁপের মধ্যে প্রচুর পরিমাণে ল্যাটেক্স থাকে যা জরায়ুর সংকোচন ঘটাতে পারে। এতে গর্ভস্থ জাণের ক্ষতি হতে পারে বলেই চিকিতসকেরা গর্ভাবস্থায় পেঁপের বীজ, শিকড় বা পাতা খেতে বারণই করেন। গর্ভাবস্থায়

পরিমাণ পেঁপে ক্ষতিকর বেশি ফাইবার থাকায় কন্সটিপেশনের রোগীদের ক্ষেত্রে পেঁপে বড় উপকারী হলেও অত্যধিক পরিমাণে খেলে পেটের সমস্যাও দেখা যেতে পারে। পেঁপের খোসায় থাকা ল্যাটেক্স পেটে ব্যথা, অস্বস্তির কারণও হতে পারে। অত্যধিক পেঁপে ডায়েরিয়ার জন্যও দায়ী। ৩) বিভিন্ন গুণ্ড চলাকালীন পেঁপে খাওয়া নিয়ে সতর্ক হোন ইউনাইটেড স্টেটস লাইব্রেরি অফ মেডিসিনের তথ্য অনুযায়ী, রক্তকে তরল করার বিভিন্ন গুণ্ডের



চোখের জন্য খুবই উপকারী। ডেডু হলে পেঁপে পাতাও যথেষ্ট

পেঁপে এড়িয়ে চলতে পরামর্শ দেন চিকিতসকরা। ২) বেশি

সাথে পেঁপের কিছু বিক্রিয়া ঘটে যা হঠাতরক্তস্রবের কারণও হতে পারে।

দেরিতে রাতের খাবারে হতে পারে এই দুই ক্যানসার: গবেষণা

কোন সময়ে খাচ্ছেন তার উপরে শরীরের অনেক সমস্যার কারণ লুকিয়ে থাকে। মোটা বা রোগী হয়ে যাওয়া, ব্লাড প্রেশার, ব্লাড সুগারের হঠাত ওঠানো এ সবই কিন্তু নির্ভর করে খাবার সময়ের উপর। তবে আপনি কি জানেন প্রতিদিন রাতের খাবার দেরি করে খেলে প্রস্টেট ও স্তন ক্যান্সার হওয়ার ঝুঁকি বৃদ্ধি পায়? ল অফ ক্যান্সার প্রকাশিত একটি নতুন গবেষণায় দাবি করা হয়েছে যে, দেরি করে রাতের খাবার খেলে স্তন ক্যান্সার আর প্রস্টেট ক্যান্সারের ঝুঁকি বেড়ে যায়। গবেষণা পরিচালনা করতে ৬২১ জন প্রস্টেট এবং ১,২০৫ জন স্তন ক্যান্সারের রোগীর উপর পরীক্ষা চালানো হয়। যার মধ্যে পুরুষের ছিল ৮৭২ জন এবং নারীর সংখ্যা ১,৩২১ জন। স্পেনের গবেষকদের একটি দল

এই গবেষণাটি পরিচালনা করেন। অংশগ্রহণকারীদের ঘুমের সময়সূচী এবং রাতের খাবার সময় সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়। পরিবারে কারো ক্যান্সার আছে কিনা বা অংশগ্রহণকারীদের আর্থ-সামাজিক অবস্থান এবং তাদের পরিবেশে ক্যান্সার হতে পারার মতো কোনো প্রভাব আছে কিনা ইত্যাদি বিষয়গুলি খুঁটিয়ে দেখেন গবেষকরা। ফলাফল হিসেবে তারা জানান, দেরি করে রাতের খাবার খেলে সার্বিকভাবেই প্রস্টেট ও স্তন ক্যান্সারের ঝুঁকি বেড়ে যায়। প্রোস্টেট ক্যান্সারের ক্ষেত্রে গবেষণায় দেখা গেছে যে রাত ৯ টার আগে যারা রাতের খাবার খেয়ে নেন বা খাওয়ার দু'ঘণ্টা পরে ঘুমাতে যান তাদের প্রস্টেট ক্যান্সার সৃষ্টির ঝুঁকি ২৬ শতাংশ কম ছিল। অন্যদিকে প্রাথমিক স্তরের

নারীদের মধ্যে যারা রাতের খাবার রাত ১০ টার আগে খেয়ে নেন তাদের মধ্যে স্তন ক্যান্সারের ঝুঁকি ১৬ শতাংশ কম। গবেষকরা জানান যে, দেরি করে খাবার খেলে, এবং খাবার পরেই ঘুমিয়ে পড়লে শরীরের সার্কিডিয়ান ছন্দ ব্যাহত হয়। যার ফলে বিভিন্ন জৈব প্রক্রিয়া যেমন ঘুম, হরমোনের কার্যকারিতা, শক্তিমাত্রা এবং শরীরের তাপমাত্রা ভারসাম্য হারায়। এর ফলে রোগ প্রতিরোধ ক্ষমতা কম যায়, টিউমার হওয়ার প্রবণতা বেড়ে যায়। গবেষকরা জানান, খাদ্য উপাদান আর আলো এই সার্কিডিয়ান ছন্দকে সবচেয়ে ভালো নিয়ন্ত্রণ করে। আগের বিভিন্ন গবেষণায় মানুষের শরীরের ক্যান্সার তৈরিতে বিভিন্ন খাবারের কী কী ঝুঁকি তা নিয়ে বিস্তার পরীক্ষানিরীক্ষা হয়েছে।



লিভারকে সুস্থ রাখবে এমন কয়েকটি খাবার

ত্বকের পরে লিভারের মানবদেহের দ্বিতীয় বৃহত্তম অঙ্গ যার জন্ম প্রায় ৩ পাউন্ডের মত। হজমক্রিয়া পরিচালনা, বিপাকক্রিয়া, অনাক্রম্যতা এবং পিঁপড়ার পুষ্টির সঞ্চয় ইত্যাদি বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজকরে থাকে এই লিভার। বিশেষ এই অঙ্গটি দেহের কোষের প্রয়োজনীয় শক্তি এবং পুষ্টির যোগান দিয়ে থাকে যেগুলো মানবদেহের কোষগুলোকে বাঁচিয়ে রাখতে সহায়তা করে। এটি রক্তনালী থেকে ক্ষতিকর পদার্থ বের করে দেয় এবং খাদ্য পরিপাক সহায়তা

করে বলে জানান মিসিসাউগা থেকে হেলাস্টিক পুষ্টিবিজ্ঞানী হারমিট সিউডি। লিভারের এই গুরুত্বপূর্ণ কাজগুলোকে এটি রক্তনালী থেকে ক্ষতিকর পদার্থ বের করে দেয় এবং খাদ্য পরিপাকে সহায়তা করে বলে জানান মিসিসাউগা থেকে হেলাস্টিক পুষ্টিবিজ্ঞানী হারমিট সিউডি। লিভারের এই গুরুত্বপূর্ণ কাজগুলোকে সতল রাখতে এবং দেহের ভারসাম্য রক্ষা করতে যে খাবারগুলো খাওয়া প্রয়োজন। রসুন— রসুন লিভারকে এনজাইম তৈরিতে সহায়তা করে যা শরীর

থেকে টক্সিন বের করে দেয়। এছাড়া রসুন প্রচুর পরিমাণে অ্যালিসিন এবং সেলেনিয়ামে নামক দুটি প্রাকৃতিক উপাদান রয়েছে যা লিভার পরিপাকে সহায়তা করে। প্রিনটি— প্রিনটিতে থাকা ক্যাটিনিন নামক এক ধরনের উদ্ভিজ্জ অ্যান্টি অক্সিডেন্ট লিভারের সামগ্রিক কাজ পরিচালনাকে সহায়তা করে থাকে। তাই এই প্রিনটি টি খাওয়া লিভারের জন্য বেশ উপকারী। জাম্বুরা— জাম্বুরা ফলটি সরাসরি বা জুস করে খেলে তা ক্যান্সার উৎসাহক উৎসাহান এবং টক্সিন

পেটের সমস্যা দূর করে এই উপকরণ




অনিয়মিত খাদ্যাভ্যাস, তেল ও মশলাদার খাবার পেটের সমস্যা বৃদ্ধি করে। তাই পেটের সমস্যা দূর করতে লবঙ্গ উপকারী। এছাড়া স্ট্রেস, শরীরচর্চা না করা, মদ্যপান ইত্যাদি কারণে অম্বলের সমস্যা সৃষ্টি হয়। গুণ্ডপত্র সেবন করে এই সমস্যার থেকে রেহাই পাওয়া যায়। তবে এ সমস্যা দূর করার জন্য বেশ কিছু ঘরোয়া টোটকা রয়েছে। তার মধ্যে লবঙ্গ বেশ কার্যকর। আসুন জেনে নেওয়া যাক। পেটের সমস্যা দূর করতে লবঙ্গ ম্যাক্রোবায়োটিক নিউট্রিশনিস্ট এবং হেলথ কোচ শিল্পা আরোরার মতে, লবঙ্গ আমাদের হজম ক্ষমতা বাড়াতে এবং পুষ্টিগ্রহণ সংক্রমে সাহায্য করে। খাবারে লবঙ্গ যোগ করা হলে তা অম্বল হতে বাধা দেয়। সম পরিমাণ লবঙ্গ ও দারচিনি

খাবারে যোগ করলে উপকার পাওয়া যায়। স্যালাইভা প্রস্তুত করতে লবঙ্গ সাহায্য করে। ফলে আমাদের হজম ক্ষমতা বৃদ্ধি পায়। সিদ্ধা বা আয়ুর্বেদিক শাস্ত্রে বুক জ্বালা দূর করতে লবঙ্গ চিবানোর পরামর্শ দেওয়া হয়েছে। যেভাবে লবঙ্গ ব্যবহার করবেন দুই-তিনটে লবঙ্গ চিবাতে থাকুন। এর ফলে লবঙ্গের রস আপনার শরীরে প্রবেশ করবে এবং অম্বলের সমস্যা থেকে আপনি দ্রুত মুক্তি পাবেন। অম্বলের ফলে সৃষ্টি হওয়া মুখের দুর্গন্ধও দূর হয়। লবঙ্গ খাওয়ার সহজ পদ্ধতি হল রান্নায় লবঙ্গের ব্যবহার। এর ফলে বিভিন্ন রকম পেটের সমস্যা দূর হয়। তবে দীর্ঘদিন অত্যধিক অম্বলের সমস্যা হলে অবশ্যই চিকিতসকের পরামর্শ নেন।

এই ৫ নিয়ম মেনে দূরে রাখুন কিডনির সমস্যা

আমাদের শরীরের গুরুত্বপূর্ণ একটি অঙ্গ হল বৃক্ক বা কিডনি। শরীরের সার্বিক সুস্থতা বজায় রাখতে কিডনির যত্ন নেওয়া অত্যন্ত জরুরি। আর কিডনি ভাল রাখতে কিছু নিয়ম অবশ্যই মেনে চলা উচিত। আসুন জেনে নেওয়া যাক কিডনি সুস্থ রাখার কিছু উপায়। ১) প্রতিদিন অন্তত ৭-৮ গ্লাস (২-৩ লিটার) জল পান করুন। ২) প্রস্রাব কখনো চেপে রাখবেন না। এতে সংক্রমণ (ইনফেকশন) হওয়ার ভয় থাকে। ৩) চিকিতসকের পরামর্শ ছাড়া কোন ওষুধ, বিশেষ করে ব্যথানাশক (পেনিকিলার) ওষুধ বা কোন অ্যান্টিবায়োটিক খাবেন



না। ৪) আপনার বয়স চল্লিশ বছরের বেশি হলে নিয়মিত অন্তত একবার ডায়ালিসিস ও ব্লাড প্রেশার পরীক্ষা করুন। ডায়ালিসিস

বা ব্লাড প্রেশার থাকলে তা নিয়ম মেনে নিয়ন্ত্রণে রাখুন। ৫) বছরে অন্তত একবার প্রস্রাবের মাইক্রো-এলবুমিন পরীক্ষা করুন।


করোনাভাইরাস এবং ডায়ালিসিস রোগীর সতর্কতা

ডায়ালিসিসে আক্রান্তদের বেশি সতর্ক থাকতে হবে বিষয়টি এমন নয় যে ডায়ালিসিসে আক্রান্তদের ভাইরাস সংক্রমণের ঝুঁকি বেশি। বরং অসুস্থ হয়ে পড়লে এসব রোগীদের খারাপ জটিলতা দেখা দেওয়ার সম্ভাবনা বেশি থাকে। বিশেষ করে যদি ডায়ালিসিস সু-নিয়ন্ত্রিত না হয়। এজন্য নিচের বিধিগুলো মেনে চলা উচিত সামাজিক দূরত্ব বজায় রাখা। স্বাস্থ্য বিধি মেনে চলা। রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখা। চিকিৎসকের সঙ্গে যোগাযোগ রক্ষা করা। ডায়ালিসিস এবং করোনাভাইরাস রক্তে উচ্চশর্করার হার রোগপ্রতিরোধ ক্ষমতা দুর্বল করে এবং সংক্রমণের বিরুদ্ধে লড়াই করার ক্ষমতা নষ্ট করে ফেলে তাদের ডায়ালিসিসের সঙ্গে অন্যান্য রোগ যেমন হার্ট বা ফুসফুসজনিত বা কিডনিজনিত

জটিলতা আছে তাদের জন্য করোনাভাইরাস প্রাণহাতী হওয়ার সম্ভাবনা বেশি। সংক্রমণ এড়াতে যা করবেন সর্বোত্তম উপায় হল যতটা পারেন বাড়িতে থাকুন। যদি বাইরে যেতেই হয় তবে অন্যান্য ব্যক্তিদের থেকে নিজেকে কমপক্ষে ৬ ফুট দূরে রাখুন এবং একটি কাপড়ের মাস্ক পড়ুন। বাইরে বেরোনের সময় এবং বাড়ি ফিরে অবশ্যই হাত ধোবেন না বা হ্যান্ডস্যানিটাইজার ব্যবহার করুন ইন্ডুলিন ইঞ্জেকশন নেওয়ার আগেও হাত ধুয়ে নিন এবং যে জায়গায় ইঞ্জেকশন করবেন সে জায়গা পরিষ্কার করে নিন বাড়ির প্রত্যেকেরই নিজের হাত প্রায়শই ধোয়া উচিত। বিশেষত পরিবারের অন্য রান্না করার আগে। কোনো বাসন বা অন্যান্য ব্যক্তিগত জিনিস ভাগ করা যাবে না। আর যদি বাড়ির

কেউ অসুস্থ থাকে তবে তার কাছ থেকে যতদূর সম্ভব নিজের ঘরে থাকতে হবে। একান্তই একই ঘরে থাকতে হলে একটি কাপড়ের মাস্ক পরতে হবে। করোনাভাইরাসের সময়ে ডায়ালিসিস রোগীর পরিচর্যা ইন্ডুলিন বা অন্যান্য প্রয়োজনীয় ওষুধ পর্যাপ্ত পরিমাণে বাসায় রাখা যাতে বার বার বাইরে যেতে না হয়। রক্তে শর্করার পরিমাণ কমে গেলে হাতের কাছে মশু, চিনি-মিষ্টি বা ফলের রসের সহজলভ্যতা নিশ্চিত করতে হবে। অনেকসময় ডায়ালিসিসের সঙ্গে কফি বলাবলি করতে পারে। তাই তার মেশিন রক্তে জোগাড় করে রাখতে হবে। যখন ডায়ালিসিসের সঙ্গে কফি বলবেন, জিজ্ঞাসা করুন কফির রক্তের শর্করার পরীক্ষা করতে হবে। অসুস্থ হলে আপনার ডায়ালিসিসের তথ্য বইখান সম্ময় করুন।

রক্তের বিকল্প শুধু এতেই রয়েছে



মানবদেহের একটি অপরিহার্য উপাদান হচ্ছে রক্ত। রক্তের বিকল্প শুধু রক্তই। চিকিতসা বিজ্ঞানে আজ পর্যন্ত রক্তের কোন বিকল্প আবিষ্কার হয়নি। রক্তের অভাবে যখন কোন মানুষ মৃত্যুর মুখোমুখি দাঁড়ায় তখন অন্য একজন মানুষের দান করা রক্তই তার জীবন বাঁচাতে পারে। কিন্তু ১৬ কোটি মানুষের এদেশে স্বেচ্ছা রক্তদাতার সংখ্যা খুবই কম। দেশে প্রতিবছর প্রায় সাড়ে ৯ লাখ ব্যাংগ নিরাপদ ও সুস্থ রক্তের চাহিদা রয়েছে। এর বিপরীতে কেবল ৩০ শতাংশ আসে স্বেচ্ছাসেবকদের মাধ্যমে। বাকি ৭০ শতাংশ আসে রক্তগ্রহীতার স্বজন, বন্ধু-বান্ধবসহ পরিচিতজনদের কাছে। সেখানেও বার্থ হই পড়লে চোখ নষ্ট হয়ে বিক্রোতার স্মরণাপন্ন হয়। এদের রক্ত নিরাপদ নয়। কারণ আত্মীয় ও পরিচিতজনের রক্ত অনেকে প্রয়োজনীয় স্ক্রিনিং ছাড়াই রোগীর শরীরে দিতে চায় যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এদিকে পেশাদার রক্ত বিক্রোতারদের রক্ত আরো বিপজ্জনক। তাদের রক্ত ব্যবহারের ফলে রোগীর দেহে ঘাতকব্যাক্তির জীবাণু সংক্রমিত হতে পারে। এজন্য স্বেচ্ছা রক্তদাতার রক্তই সবচেয়ে

নিরাপদ। রক্তদানের উপকারিতা স্বেচ্ছায় নিজের রক্ত অন্য কারো প্রয়োজনে দান করাই রক্তদান। ১৮ থেকে ৬০ বছর বয়সী যেকোনো শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সক্ষম ব্যক্তি রক্ত দিতে পারবেন। প্রতি চার মাস পর পর প্রত্যেক সুস্থ ও প্রাপ্তবয়স্ক নর-নারী নিশ্চিত ও নিরাপদে রক্তদান করতে পারবেন। এদেশে স্বেচ্ছা রক্তদাতার সংখ্যা খুবই কম। দেশে প্রতিবছর প্রায় সাড়ে ৯ লাখ ব্যাংগ নিরাপদ ও সুস্থ রক্তের চাহিদা রয়েছে। এর বিপরীতে কেবল ৩০ শতাংশ আসে স্বেচ্ছাসেবকদের মাধ্যমে। বাকি ৭০ শতাংশ আসে রক্তগ্রহীতার স্বজন, বন্ধু-বান্ধবসহ পরিচিতজনদের কাছে। সেখানেও বার্থ হই পড়লে চোখ নষ্ট হয়ে বিক্রোতার স্মরণাপন্ন হয়। এদের রক্ত নিরাপদ নয়। কারণ আত্মীয় ও পরিচিতজনের রক্ত অনেকে প্রয়োজনীয় স্ক্রিনিং ছাড়াই রোগীর শরীরে দিতে চায় যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এদিকে পেশাদার রক্ত বিক্রোতারদের রক্ত আরো বিপজ্জনক। তাদের রক্ত ব্যবহারের ফলে রোগীর দেহে ঘাতকব্যাক্তির জীবাণু সংক্রমিত হতে পারে। এজন্য স্বেচ্ছা রক্তদাতার রক্তই সবচেয়ে

উপস্থিতি কমিয়ে দেহের স্থলতা কমাতে সাহায্য করে। শরীরের বিপাকক্রিয়ায় অক্সিজেন ফি রেডিকেল তৈরী হয়। এর জন্য আমরা বয়সের সঙ্গে সঙ্গে বড়িয়ে যাই। রক্তদানে এ কেমিক্যাল শরীর থেকে বেরিয়ে গিয়ে শরীরকে বিঘ্ন মুক্ত করে। ফলে বয়সের চাপ দেহীতে পড়ে। মুমূর্ষু মানুষকে রক্তদান করে মানসিক পরিভূক্তি ও প্রশান্তি লাভ করা যায়। সর্বোপরি রক্তদান মানে নিজের ও পরিবারের দুঃসময়ের জন্য রক্ত সঞ্চয় করা। প্রতিবার রক্তদানের পর রক্তদাতার অস্থিমজ্জা নতুন রক্তকণিকা তৈরির জন্যে উদ্দীপ্ত হয়। ফলে রক্তদানের দুই সপ্তাহের মধ্যে সে যাটটি পূরণ হয়ে যায়। শরীরের রক্ত কণিকাগুলোর মধ্যে লোহিত রক্তকণিকার আয়ুষ্কাল সর্বোচ্চ ১২০ দিন। তাই চার মাস অর্থাৎ ১২০ দিন পর পর রক্তদানে শরীরের কোনো ক্ষতি নেই। রক্তদাতার রক্তে এর উপস্থিতি পরীক্ষা করা হয়। রক্তদাতা রক্তদানের ফলে এ টেস্টগুলো বিনামূল্যে করার সুযোগ পাচ্ছেন। রক্তদানের ফলে রক্তের পরিমাণ কমবে, ফলে হৃদরোগের সম্ভাবনা ৩৩ ভাগ কমে যায়।



সিআইটিইউ-র রক্তদান শিবির পরিদর্শন করেন বিরোধী দলনেতা মানিক সরকার। ছবিঃ নিজস্ব

মুলায়ম-লালু বৈঠক, আরজেডি সুপ্রিমো বললেন দেশে সাম্যের ভীষণ প্রয়োজন

নয়াদিপুর, ২ আগস্ট (হি.স.): সমাজবাদী পার্টির প্রাণপুরুষ মুলায়ম যাদবের সঙ্গে সাক্ষাৎ করলেন রাষ্ট্রীয় জনতা দলের সুপ্রিমো লালুপ্রসাদ যাদব। মুলায়ম ও লালুর মধ্যে বৈঠকে অখিলেশ যাদবও উপস্থিত ছিলেন। লালু টুইট করে জানিয়েছেন, দেশের প্রবীণতম সমাজতান্ত্রিক বন্ধু মুলায়ম সিংজির সঙ্গে দেখা করে তাঁর শারীরিক অবস্থার খোঁজ নিলাম। কৃষি, বৈষম্য, দরিদ্র ও বেকারত্ব নিয়ে আমরা উত্তেজিত প্রকাশ করছি। বৈঠকের একাধিক ছবি টুইট করে লালু লিখেছেন, পুঞ্জিবাদ ও সাম্প্রদায়িকতা নয়, দেশে এই মুহূর্তে সাম্য ও সমাজতন্ত্রের ভীষণ প্রয়োজন। অখিলেশ যাদবও বৈঠকের ছবি টুইট করেছেন। সুত্রের খবর, দিল্লিতে এই বৈঠক হয়।

পেগাসাস-কাণ্ডের তদন্ত দাবি নীতীশের

পটনা, ২ আগস্ট (হি.স.): পেগাসাস-কাণ্ডের তদন্ত চাইলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। ফোনে আড়ি পাতার অভিযোগ ঘিরে এত দিন কংগ্রেস, তৃণমূল, বামদলের মতো বিরোধীরা সরব ছিল। এবার বিজেপির অন্যতম সহযোগী দল জেডি(ইউ)-র তরফে তদন্তের দাবি নতরঙ্গ মৌদী সরকারের অফিসে বাড়াল বলেই মনে করছেন রাজনীতির কারবারিরা। সোমবার তিনি বলেন, "আমি অবশ্যই পুরো বিষয়টির তদন্ত চাই। মানুষকে বিব্রত এবং হতবাক করা উদ্দেশ্যে এমন কাজ (আড়ি পাতা) অনুচিত। পুরো বিষয়টি প্রকাশ্যে আসা উচিত।" ইজরায়েলি স্পাইওয়্যারের সাহায্যে নেতা, মন্ত্রী, শিল্পপতি, বিচারপতি, সাংবাদিকদের ফোনে আড়ি পাতার ঘটনা নিয়ে ইতিমধ্যেই তদন্ত কমিশন গঠন করেছেন মুখ্যমন্ত্রী মমতা মন্দাপাধ্যায়। এই পরিস্থিতিতে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশের দাবি, তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

প্রসঙ্গত, ইতিমধ্যেই পেগাসাস-কাণ্ডের তদন্তের দাবিতে দায়ের হওয়া জনস্বার্থ মামলাগুলির গুনাগুনতে সম্মতি দিয়েছে সুপ্রিম কোর্ট। আগামী বৃহস্পতিবার শীর্ষ আদালতে এই গুনাগুন হবে। হিন্দুস্থান সমাচার / সঞ্জয়

পিঙ্গালি ভেঙ্কাইয়াকে শ্রদ্ধা বিরোধী দলনেতার

কলকাতা, ২ আগস্ট (হি.স.): ভারতের জাতীয় পতাকার নকশাকার পিঙ্গালি ভেঙ্কাইয়াকে শ্রদ্ধা জানানেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সোমবার শুভেন্দুবাবু টুইটে দেখান, "গান্ধীপন্থী আদর্শবাদী, মুক্তিযোদ্ধা ও ভাষাবিদ, পিঙ্গালি ভেঙ্কাইয়াকে তাঁর জন্মবাৰ্ষিকীতে আমার শ্রদ্ধা। সেই ব্যক্তিকে নমস্কার, যিনি জাতীয় পতাকার প্রয়োজনে সাধনা করেছিলেন এবং প্রাথমিক তেজস্বী পতাকার নকশা করেছিলেন।" প্রসঙ্গত, পিঙ্গালি ভেঙ্কাইয়া (২ আগস্ট, ১৮৭৬ — ৪ জুলাই, ১৯৬৩) ভারতের জাতীয় পতাকার নকশাকার। তিনি অন্ধপ্রদেশ রাজ্যের মছলিপটনামের নিকটে ভাটলাপেন্দুয়ারতে জন্মগ্রহণ করেন। ভেঙ্কাইয়া মছলিপটনামের উচ্চ বিদ্যালয়ে পড়াশোনা শেষ করে সিনিয়র কেমব্রিজ সমাপ্ত করার উদ্দেশ্যে কলকাতা যান। ভারতে ফিরে তিনি রেল গার্ডের চাকুরি গ্রহণ করেন এবং পরে বেলারিতে সরকারি কর্মচারী নিযুক্ত হন। পরবর্তীকালে উর্দু ও জাপানি ভাষা শিক্ষার জন্য তিনি লাহোরের অ্যাংলো-বৈদিক কলেজে যোগ দেন। হিন্দুস্থান সমাচার/ অশোক

তৃণমূল ভারতীয়দের মধ্যে বিভাজন তৈরি করছে, অভিযোগ তথাগতর

কলকাতা, ২ আগস্ট (হি.স.): তৃণমূল ভারতীয়দের মধ্যে বিভাজন তৈরি করছে বলে অভিযোগ করেছেন ত্রিশুরা ও মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়। সোমবার তিনি টুইটে লেখেন, "তৃণমূলের সুবিধা, এদের কোনো মতাদর্শ নেই। মমতা যদি বলেন পুস্তকের জন্য এদিকে দুইটি উঁচু আছে তাহলে তাই! ক্ষমতাথাকার জন্য ভারতের বিভিন্ন অংশের নাগরিকদের মধ্যে বিভাজন তৈরি করতে ওঁর বিবেকে বাধে না। আবার ভোটারের জন্য একটি সম্প্রদায়কে বঞ্চিত করে আরেকটিকে অন্যায় সুবিধা দিতেও বাধে না।" এক নেটভেনে টুইটে একটি ভিডিও যুক্ত করে লিখেছেন, "দেশে তৃণমূলের মুখপাত্র হিন্দিভাষী বাঙালোভাষীর সাথে কিভাবে বিভাজন তৈরি করছে। আমরা তো মনেইয় তৃণমূল কংগ্রেস নামক কেম্পানির এদের উদ্দেশ্যটা আলাদা। এরাই হিন্দিভাষী বাঙালোভাষী বিভাজন করে। দেশকে ভাগ করার চক্রান্ত চালাচ্ছে।" সোটি যুক্ত করে তথাগতর যুগ ওই টুইট করেছেন। হিন্দুস্থান সমাচার/ অশোক

চোখ উল্টে মজার সাফাই সাংসদ সুনীলের আচমকা হাজির পেগাসাস বিক্ষোভে

কলকাতা, ২ আগস্ট (হি.স.): ভোটের আগে তৃণমূল থেকে বিজেপি-তে নাম লিখিয়ে বেশ কিছুকাল মুহূর্ত পাত করছিলেন যাসফুলের। ভোটার ফলপ্রকাশের পর বিজেপি-র নীতি-নিয়ম নিয়ে প্রশ্ন তুলেছিলেন তিনি। এ বার পদশিবিরে যোগ দেওয়ার কথাই বেমালুম অস্বীকার করলেন বর্তমান পূর্বের সাংসদ সুনীল মণ্ডল। দলত্যাগ বিরোধী আইনে তাঁর সংসদ পদ খারিজ হবে যদি সক্রিয় হয়েছে তৃণমূল, টিক সেই সময়েই সুনীলবাবু দাবি করলেন, বিজেপি-তে কখনও যোগ দিই দেননি। আগেও তৃণমূলে ছিলেন।, এখনও আছেন, আগামী দিনেও থাকবেন। বেশ কিছু দিন ধরেই 'চোখের মাথা খেয়ে'

সাংসদ থাকব, রাজনীতিতে নয়, নড়ডার সঙ্গে বৈঠকের পর বললেন বাবুল

নয়াদিপুর, ২ আগস্ট (হি.স.): বিজেপি সভাপতি জে পি নড্ডার সঙ্গে বৈঠকের পর সাংসদ হিসেবে সাংবিধানিক দায়িত্ব পালন করার কথা জানালেন বাবুল সুপ্রিয়। তিনি বলেন, "রাজনীতি ছাড়ার সিদ্ধান্ত থেকে পিছিয়ে আসিনি। তবে এখনই ইস্তফা দিচ্ছি না। বিরক্ত আয় না থাকায় বাবুল সাংসদ হিসেবে তাঁর বেতন এবং ভাতা নেবেন বলেও জানিয়েছেন। সোমবার রাতে বিজেপি সভাপতি জে পি নড্ডা তাঁর বাড়িতে বাবুলের সঙ্গে বৈঠকে করেন। রাত ৮ নাগাদ বাবুল নিজেই গাড়ি চালিয়ে নড্ডার বাড়িতে পৌঁছেন। বিজেপি সুত্রের খবর, বাবুলের মান ভাঙতেই হয় বৈঠক। বৈঠকের পর অন্য কোনও দলে যোগ দেওয়ার সম্ভাবনা নাকচ করেন বাবুল। পাশাপাশি সাংসদ হিসেবে ইস্তফা না দেওয়ার সিদ্ধান্ত জানিয়ে বলেন, "সাংসদ হিসেবে আমার সাধনমত আসানসোলের মানুষের সেবা করে যাব।" প্রসঙ্গত, শনিবার বাবুল প্রথমে রাজনীতি ছাড়ছেন ঘোষণা করে জানিয়েছিলেন অন্য কোনও দলেই তিনি যোগ দিচ্ছেন না। এর পরে তিনি কেন সাংসদ পদ ছাড়ছেন না তা নিয়ে প্রশ্ন তোলে তৃণমূল।

অসম : নিখোঁজ গরুচোরের সন্ধান হাজের কলাজল নদীতে অভিযান এসডিআরএফ-এর

হাজে (অসম), ২ আগস্ট (হি.স.): নিখোঁজ এক গরুচোরকে খোঁজে বের করছে হাজের কলাজল নদীতে অভিযান চালিয়েছে এসডিআরএফ। গরু চোরটি গুয়াহাটি থেকে নিখোঁজ হয়েছিল। গত শুক্রবার রাতে হাজের ডেলামারিতে স্থানীয় জনতা বেশ কয়েকটি গরু বোঝাই একটি ট্রাক আটক করেছিলেন। এর সঙ্গে আটক করা হয়েছিল গুয়াহাটি মহানগরের চানমারির বাসিন্দা জনক বিতোপান বরাকে। কিন্তু জনতার হাত ফসকে আরও দুই গরু চোর পালিয়ে গা ঢাকা দেয়। এই দুই গরু চোরের একজন গুয়াহাটির বাসিন্দা মোদাম এলাকার বাসিন্দা রিতুমণি আহমেদ এবং আরেক চোর হাজের বর্গির রাজা উত্তেজিত জনতার চোখে ধুলো দিয়ে ডেলামারির কলাজল নদীতে ঝাঁপ দিয়েছিল। এদিকে রিতুমণির পরিবারের সন্দেহ সে কলাজল নদীতে ঝাঁপ দিয়ে নিখোঁজ হয়েছে। পরিবারের সন্দেহের ভিত্তিতে গরু চোর রিতুমণির খোঁজে আজ গোটা দিন নদীতে তালাশি অভিযান চালায় এসডিআরএফ।

বন্ধিরহাটে বিজেপির ডেপুটেশন কর্মসূচিকে কেন্দ্র করে উত্তেজনা

বন্ধিরহাট, ২ আগস্ট (হি.স.): বিজেপির ডেপুটেশন কর্মসূচিকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল কোচবিহারের বারকোদালী ২ গ্রাম পঞ্চায়েতে। সোমবার ডেপুটেশন চলাকালীন তৃণমূলের তরফে হামলা চালালো হয় বলে অভিযোগ বিজেপির। ঘটনার প্রতিবাদে প্রধানের দপ্তরের ভেতর অবস্থানে বসে বিজেপি নেতৃত্ব। পরে পুলিশ গিয়ে বিজেপি কর্মী সমর্থকদের নিরাপদে সরিয়ে দেয়। বিজেপির অভিযোগ, এদিন তারা প্রধানমন্ত্রী আবাস যোজনা, সমস্ত জব কার্ড ধারীদের ১০০ দিনের কাজ, পরিপূর্ণ পানীয় জল সহ ৭ দফা দাবিতে প্রধানকে স্মারকলিপি দেওয়ার সময় সশস্ত্র তৃণমূল কর্মীরা তাদের ঘিরে রেখে পাথর ছুড়তে থাকে। এতে তাদের এক কর্মী আহত হন। খবর পেয়ে বিশাল পুলিশবাহিনী দুইদিকে দূরে সরিয়ে দেয়। পরে ঘটনাস্থলে উপস্থিত হন বিধায়ক তথা বিজেপির মহিলা মোর্চার রাজা সহ-সভাপতি মালতি রাজা। তিনি জানান, তাঁরা সাধারণ মানুষের দাবি নিয়ে স্মারকলিপি দিতে গেলে আক্রমণ করা হয়। যদিও প্রধান মীনাঙ্কী সরকারের জন্য জানান, এদিন গ্রাম পঞ্চায়েতের বাইরে কি স্টেটে তা তারা জানেন না। তৃণমূলের বারোকোদালী ২ অঞ্চল সভাপতি সরজিত রাজা জানান, তারা কোন বিজেপি কর্মীর উপর আক্রমণ করেননি। বন্ধিরহাট থানার ওসি শুভজিৎ বা-ও জানিয়েছেন, ডেপুটেশনকে কেন্দ্র করে উত্তেজনা থাকলেও কোনও হামলার ঘটনা ঘটেনি। অন্যদিকে তৃণমূলের বিরুদ্ধে বন্ধিরহাট থানার মার্জনী কালী বাড়ি এলাকায় বিজেপির যুব মোর্চার এক মন্তল সদস্যের দোকান পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। যদিও অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছে তৃণমূল। হিন্দুস্থান সমাচার / সোনালি

ভোট পরবর্তী হিংসায় কমিশনের সঙ্গে রাজ্যের রিপোর্টে ফারাক, দাবি আইনজীবীর

কলকাতা, ২ আগস্ট (হি.স.): ভোটপরবর্তী হিংসা নিয়ে রাজ্যের হলফনামার সমালোচনা করলেন বরিশত আইনজীবী মহেশ জেঠ মালানি। সোমবার তিনি আদালতে কড়া অবস্থান জানিয়ে কমিশনের সঙ্গে রাজ্যের দেওয়া রিপোর্টের পার্থক্য তুলে ধরেছেন। আদালতে পাঁচ বিচারপতির বৃহত্তর বেঞ্চ তিনি জানিয়েছেন, "অন্তত ৬০ শতাংশ ক্ষেত্রে ফারাক রয়েছে। কেউ অস্বীকার করতে পারবে না যে ভোট পরবর্তী হিংসা হয়েছে। মানবাধিকার কমিশন মানুষের সঙ্গে কথা বলেছে, বিভিন্ন জায়গায় ঘুরে রিপোর্ট জমা দিয়েছে। আজ পর্যন্ত কমিশন ও রাজ্যের মধ্যে একটা

ফারাক তৈরি হয়েছে। কমিশন থেকে বলেছে খুন হয়েছে ৫২, রাজ্য বলেছে ২২। পুলিশ বলেছে কোনও ধর্ষণ হয়নি, রাজ্য বলেছে ১২ জনের স্ত্রীলতাহানি হয়েছে। কমিশন বলেছে ৭৯ জনের বিভিন্ন ভাবে নিগ্রহের ঘটনা। তার মধ্যে ১৪ জনের শুধু ধর্ষণ হয়েছে।" তিনি জানিয়েছেন, "৩০৮৪ অভিযোগ জমা পড়েছে। এর মধ্যে সব সত্যি নাও হতে পারে কিন্তু প্রাথমিকভাবে এফআইআর জরুরি ছিল। ১৩৫৬ অভিযোগ এফআইআর না করেই রাজ্য বাতিল করেছে। যেটা অপরাধ। পুলিশ ৬৫১ টা এফআইআর করেছে। কি ধরনের অদস্ত করল

দুর্ঘটনায় পরিযায়ী শ্রমিকদের বাস, আহত ২৫

কলকাতা, ২ আগস্ট (হি.স.): সোমবার ভোরে অসম থেকে কেরলে যাবার সময় পথ দুর্ঘটনার কবলে পড়ে পরিযায়ী শ্রমিকদের একটি বাস। তার জেরে গুরুর জখম হলেন ২৫ জন শ্রমিক। সুত্রের খবর, উত্তর বঙ্গ জলপাইগুড়ি শহরের পাশ দিয়ে চলে যাওয়া ৩১ নম্বর জাতীয় সড়কের ওপরে গোশালা মোড়ে এই দুর্ঘটনা ঘটে। একটি পণ্য বোঝাই লরির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় পরিযায়ী শ্রমিক

কাঁথি সমবায় ব্যাঙ্কের শীর্ষপদ, শুভেন্দুর বিরুদ্ধে অনাস্থা বৈঠক বাতিল করল হাই কোর্ট

কলকাতা, ২ আগস্ট (হি.স.): কাঁথি কো-অপারেটিভ সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যান পদে আপাতত থাকছেন শুভেন্দু অধিকারী। তাঁকে সরানোর জন্য যে বৈঠক ডাকা হয়েছিল সোমবার তা বাতিল করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। ফলে এ নিয়ে সমবায় ব্যাঙ্ক সম্পর্কিত জোড়া মামলার স্বস্তি পেলেন বিরোধী দলনেতা। এর আগে কাঁথি-সহ বেশ কয়েকটি সমবায় ব্যাঙ্কের স্পেশাল অডিটের নির্দেশ দিয়েছিল রাজ্য সরকার। যে ব্যাঙ্কগুলির মাধ্যম ছিলেন শুভেন্দুবাবু। গত মাসে রাজ্য সরকারের ওই নির্দেশের উপর স্থগিতাদেশ জারি করে হাই কোর্ট। সেই সময়ও ওই মামলার বিচার করেছিলেন বিচারপতি সরকার। তিনি জানিয়েছিলেন, রাজর্ভ ব্যাঙ্কে নিয়মিত অডিটের রিপোর্ট পাঠায় কাঁথি সমবায় ব্যাঙ্ক। কোনও আর্থিক গরুরিলে প্রমাণ পাওয়া যায়নি। ফলে এখনই স্পেশাল অডিটের প্রয়োজন নেই। শুভেন্দুবাবুকে চেয়ারম্যান পদ থেকে সরাতে সমবায় ব্যাঙ্কের কয়েকজন ডিরেক্টর একটি বৈঠক ডাকেন। মঙ্গলবার ওই বৈঠকটি দিয়েছিল রাজ্য সরকার। যে হেটারিও জারি করা হয়। সেখানে বলা হয়, তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার জন্যই ওই বৈঠক। কিন্তু বর্তমান চেয়ারম্যানের বিরুদ্ধে

সংঘর্ষ হয়। এরপর পুলিশ ও স্থানীয় বাসিন্দারা মিলে তাঁদের উদ্ধার করে জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যায়। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে পুলিশ। উদ্ধারকারী দলের দাবি, বাস চালক সম্ভবত ঘুমিয়ে পড়ায় এই বিপত্তি ঘটেছে। ঘটনার পরে লরি চালক ও খালসি লরিতেই আটকে ছিল। পরে তাঁদের লরির দরজা কেটে বার করা হয়। সবাইকে নিয়ে আসা হয়

অসম : উমরাংসোতে প্রস্তাবিত ক্রিকেট স্টেডিয়াম নির্মাণে ৩০ বিঘা জমি বরাদ্দ

হাফলং (অসম), ২ আগস্ট (হি.স.): অসমের অন্যতম পাহাড়ি জেলা ডিমা হাসাওয়ের উমরাংসোতে নির্মাণ করা হবে ক্রিকেট স্টেডিয়াম। ইতিমধ্যে প্রস্তাবিত ক্রিকেট স্টেডিয়াম নির্মাণ করার জন্য উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের ভূমি ও রাজস্ব বিভাগ অসম ক্রিকেট অ্যাসোসিয়েশনকে উমরাংসোতে ৩০ বিঘা জমি বরাদ্দ করেছে। সম্প্রতি রাজ্যের অ্যাডভোকেট জেনারেল তথা অসম ক্রিকেট অ্যাসোসিয়েশনের সাধারণ সচিব দেবজিৎ শইকিয়া ডিমা হাসাও জেলা সফরে এসে এ ব্যাপারে সারকার এবং অসম ক্রিকেট উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য তথা ডিমা হাসাও জেলা জ্রীড়া সংস্থার সভাপতি দেবোলাল গারলোসা, জেলা জ্রীড়া সংস্থার সচিব টিটি দাওলাগাপু ও জেলাশাসক এবং প্রশাসনের সংশ্লিষ্ট কর্তাদের সঙ্গে আলোচনা করেছেন। এতে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, উমরাংসোর টুংবুং গ্রামের কাছে ৩০ বিঘা জমির ওপর ক্রিকেট স্টেডিয়াম নির্মাণ করা হবে। অসম ক্রিকেট অ্যাসোসিয়েশনের সাধারণ সচিব দেবজিৎ শইকিয়া টুংবুং গ্রামের এই জমি পরিদর্শন করেছেন। তার পরই রাজ্য সরকার এবং অসম ক্রিকেট উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত

একটি নতুন ক্রিকেট স্টেডিয়াম নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণ করে। উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য দেবোলাল গারলোসা জানিয়েছেন, উমরাংসোর টুংবুং গ্রামের গম্ফকোর্সের পাশেই নির্মাণ করা হবে প্রস্তাবিত ক্রিকেট স্টেডিয়াম। তিনি বলেন, ইতিমধ্যে পার্বত্য পরিষদ টুংবুং গ্রামে গম্ফকোর্সের পাশে অসম ক্রিকেট অ্যাসোসিয়েশনকে ক্রিকেট স্টেডিয়াম নির্মাণ করার জন্য ৩০ বিঘা জমি বরাদ্দ করেছে। আগামী একমাসের মধ্যেই ক্রিকেট স্টেডিয়াম নির্মাণের কাজ আরম্ভ হবে বলে জানিয়ে

ভারত থেকে বাংলাদেশে ফেব্রার পথে আটক ৭

মনির হোসেন, ঢাকা, ০২ আগস্ট। ভারতের দিল্লিতে ইটভাটায় কাজ শেষে কুড়িগ্রামের ফুলবাড়ী সীমান্ত দিয়ে বাংলাদেশে ফেব্রার সময় নারী-শিশুসহ সাত বাংলাদেশিকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। সোমবার সকালে বিজিবি বাদী হয়ে অবৈধ অনুপ্রবেশ ও পাসপোর্ট আইনে ফুলবাড়ী থানায় মামলা দায়ের করে আটককৃতদের পুলিশের কাছে সোপর্দ করেছে। ফুলবাড়ী থানার অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) সারওয়ার পারভেজ বিষয়টি গনমাধ্যমকে নিশ্চিত করেছেন। লালমনিরহাট ১৫ বিজিবির অধীন কাশিপুর ক্যাম্পের নামে আলমগীর হোসেনের নেতৃত্বে টহলরত বিজিবির সদস্যরা এ সময় আন্তর্জাতিক মেইন পিলার নম্বর ৯৪২ এবং সারওয়ার পারভেজের আটক বাংলাদেশিরা হলেন, ফুলবাড়ী উপজেলার নওদাবস গ্রামের শাহালায় হকের ছেলে



শহিদ আলী (৩১), তার স্ত্রী আফরোজা খাতুন (২৮) ও ছেলে আরমান আলী (৮), কাশিপুর উপনিয়নের আর জী নেওয়ারী হাইমের ফজলুল হকের ছেলে রাজ মণ্ডল (৩৬), তার স্ত্রী পারভীন বিবি (২১) ও ছেলে পায়েজ মণ্ডল (৬) এবং নাগেশ্বরী উপজেলার

হাসনাবাজার এলাকার আকবর আলীর ছেলে মোকসেদ আলী (৪২)। লালমনিরহাট ১৫ বিজিবির অধীন কাশিপুর ক্যাম্পের কোম্পানি কমান্ডার সুবেদার রমজান আলী বলেন, ভারতের দিল্লিতে ইটভাটায় কাজ শেষে দুই দেশের দালাল চক্রের মাধ্যমে তারা বাংলাদেশে প্রবেশ করলে সীমান্তে টহলরত বিজিবির সদস্যরা তাদের আটক করেন। সোমবার সকালে আটকদের বিরুদ্ধে অবৈধ অনুপ্রবেশ ও পাসপোর্ট আইনে মামলা দায়ের করে ফুলবাড়ী থানায় সোপর্দ করা হয়েছে।



বিজেপি যুব মোর্চার চিড্ডাম মন্ডলের সভাপতি গোপাল শর্মা অহত হয়েছেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের গাড়ির ধাক্কায়।

সারাদেশে খেলা হবে ঘোষণা মমতার

কলকাতা, ২ আগস্ট (হি.স.): বর্তমানে পাখির চোখ ২০২৪। এইই মাঝে সবেরাধি দিল্লি সফর সেরে কলকাতা ফিরেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তারই মাঝে সোমবার নেতাজি ইন্ডোর থেকে খেলা হবে দিবসের সূচনা করলেন মুখ্যমন্ত্রী। আর তারপরেই "সারাদেশে খেলা হবে" সুর চড়াইলেন মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন, নেতাজি ইন্ডোরের বেস ফুটবলের সর্বময় নিয়ামক সংস্থা আইএফএ-র অধীনে থাকা ক্লাবগুলিকে ফুটবল উপহার দেন মুখ্যমন্ত্রী। নেতাজি ইন্ডোরের মধ্যে ফুটবল ছুঁতে খেলা হবে দিবসের সূচনা করেন মুখ্যমন্ত্রী। আর তারপরেই মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, "খেলা কিছটা হয়েছে আরও হবে। সারা দেশজুড়ে হবে। গান বেঁধে খেলা হবে বার্তাকে আরও লোকের কাছে পৌঁছে দিতে হবে। সারা দিল্লিতেও আওয়ায উঠছে খেলা হবে"।

গত ২৪ ঘন্টায় পশ্চিমবঙ্গে করোনা আক্রান্ত ৫৭৫ জন

কলকাতা, ২ আগস্ট (হি.স.): ধীরে ধীরে নামছে রাজ্যজুড়ে করোনা আক্রান্তের সংখ্যা। অবশেষে করোনা আক্রান্তের সংখ্যা নামল ৬০০-র নিচে। গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ৫৭৫ জন। সোমবার এমনটাই খবর স্বাস্থ্য দফতরের তরফে প্রকাশিত বুলেটিন সূত্রে। স্বাস্থ্য দফতরের বুলেটিন সূত্রে খবর, গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়েছে ৫৭৫ জন সংক্রমণের নিরিখে ফের শীর্ষে রয়েছে উত্তর ২৪ পরগণা। একদিনে সেখানে ৮৯ জন করোনা আক্রান্ত হয়েছে। অপরদিকে দক্ষিণ ২৪ পরগণায় একদিনে আক্রান্তের সংখ্যা ২৮ জন।

বিভাগ সনস্পর্কিত সতর্কীকরণ

বিভাগ	বিভাগ
জাগরণ	জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০। **অ্যান্ডুলেশন:** একতা সংস্থা : ৯৭৯৯৯৯৩৯৬ রু. লোটাচ ক্লাব : ৯৪৩৬৫৫২৮৫, শিবনগর মর্ডার্ন ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫ রিলিভার্স : ৯৮৬২৭৪৪৮ কর্ণেল টৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৭৫০১১৬/সহেতি ক্লাব : ৮৭৯১১ ৬৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৪৬৩০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯১১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৯৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৩৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন : ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক :** জিবি : ২৩৫-৬২৮৬ (পি বি এন্ড), আইজিএম : ২৩২-৫৭৩৬, আই এল এম : ২৪১৫০০০/৮৭৪৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৩০ ৩৩৭৭৬, শবাবাহী নম : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪০১১, সেন্ট্রাল বোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫ **বটতলা নাগরজলা স্ট্যাড ডেভেলপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৪৪৮৬০৩০৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৩৬৭১২০, **রু. লোটাচ ক্লাব :** ৯৪৩৬৫৬২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮০, **ত্রিপুরা ন্যাযমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা টৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০৩০৫/৯৪৩৬৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ অ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬০০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলা থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা টৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বঙ্গদেশীয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১১২৬, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি লিমিটেড :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।**

রিভিউয়ের পর উচ্চমাধ্যমিকে পাসের হার বেড়ে ১০০ শতাংশ

কলকাতা, ২ আগস্ট (হি.স.): করোনা আবহে চলতি বছর বাতিল করা হয় মাধ্যমিক উচ্চমাধ্যমিক পরীক্ষা। তবে, মূল্যায়নের ভিত্তিতে প্রকাশিত হয়েছে উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল। কিন্তু উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের পর থেকেই উত্তেজনা লক্ষ করা যায় শহর থেকে জেলার বিভিন্ন স্কুলে। পাস করানোর দাবিতে বিক্ষোভ দেখায় ছাত্রছাত্রীরা। অবশেষে সমস্যা সমাধানের সোমবার বৈঠক সারে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ। রিভিউয়ের পর উচ্চমাধ্যমিকে পাসের হার বেড়ে ১০০ শতাংশ এমনটাই জানালো উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ। করোনা আবহে চলতি বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষা বাতিল হলেও ২০১৯ সালের মাধ্যমিক পরীক্ষায় সবচেয়ে বেশি নম্বর পাওয়া চারটি বিষয়ের ৪০র মাধ্যমে। পাশাপাশি এর সঙ্গে যোগ হয় ২০২০ সালের একাদশ শ্রেণির লিখিত পরীক্ষার ৬০ শতাংশ নম্বর এবং দ্বাদশ শ্রেণির প্রায়িতিক্যাল পরীক্ষার নম্বরের ভিত্তিতে প্রকাশিত হয় উচ্চ মাধ্যমিকের ফল। এবার উচ্চমাধ্যমিকে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮ লক্ষ ১৯ হাজার ২০২জন। তার মধ্যে চলতি বছর উচ্চমাধ্যমিকে পাসের হার ৯৭.৬৯ শতাংশ। কিন্তু উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের পর থেকেই বহু শিক্ষার্থী পাস না করার বিক্ষোভ দেখায় স্কুল স্কুলের। এরই মাঝে এদিন উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি মহাশয় দাস সাংবাদিক সম্মেলন করে বলেন, "রিভিউয়ের জন্য আবেদন পড়েছিল ১৪,২০০টি। অকৃতকার্য হয়েছিল ১৮,০০০ পরীক্ষার্থী। ফলাফল সংশোধনের পর এদের সবাইকে পাস করিয়ে দেওয়া হল। ফলে পাসের হার দাঁড়াল প্রায় একশো শতাংশ।"

বিজেপি বক্সনগর মন্ডলের কার্যকরনী বৈঠক অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২ আগস্ট। বিজেপি বক্সনগর মন্ডলের কার্যকরনী বৈঠক অনুষ্ঠিত বক্সনগর প্রতিনিধি। ভারতীয় জনতা পার্টির বক্সনগর মন্ডল কমিটির কার্যকরনী বৈঠক অনুষ্ঠিত মালিকানগর গীতাঞ্জলি কমিউনিটি হলে দলীয় পতাকা উত্তোলন করেন বক্সনগর মন্ডল সভাপতি সুভাষ চন্দ্র সাহা এছাড়াও উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য কমিটির সদস্য কমল দে ও রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান বাহারুল ইসলাম মজুমদার বিজেপি সিপিএইজলা জেলা দঃ অংশ এর সভাপতি দেবব্রত ভট্টাচার্য সহ সভাপতি তপনজল হোসেন জেলা কমিটির সাধারণ সম্পাদক প্রসেনজিৎ ঘোষ ও বিজেপি সংখ্যাগুরু মোর্চার প্রদেশ সহ সভাপতি শাহআলম মজুমদার সহ বিজেপি বিভিন্ন মোর্চার সভাপতি গন উপস্থিত ছিলেন কার্যকরনী বৈঠকের আলোচনায় উঠে আসে দলের বৃথ ভিত্তিক সংগঠন এর বিত মজবুত করে আগামী কর্মসূচিতে জনগণের সামনে সরকারের উন্নয়ন মূলক কর্মসূচি গুলো তুলে ধরার জন্য দলের সমস্ত কার্যকরীদের দায়িত্ব নিয়ে সাংগঠনিক কাজ করার আহ্বান রাখেন বক্তারা আগামী দিনে পুর ও নগর ভোটে জনগণের পাশে থেকে কাজ করার পরামর্শ দেন

চোরের দৌরাট্যে নাভিশ্বাস সীমান্ত এলাকার নাগরিকদের

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২ আগস্ট। দিন দিন বৃদ্ধি পাওয়া চোরদের হাতেপাতে অতিষ্ঠ বক্সনগরবাসী রাজ্যে প্রতিনিয়ত কৌথাও না কৌথাও ঘটে চলেছে চুরি ছিনতাই ও রাহাযানির মতো আনামাজিক ঘটনা। এর ফলে আনেকেই হারিয়ে ফেলছেন তাদের জীবনের জন্মো অর্থ সম্পত্তি থেকে শুরু করে নিজেদের পছন্দের জিনিসগুলো। ঠিক তেমনি এক অকল্পনীয় চুরির ঘটনার হতবাবা বক্সনগরবাসী ঘটনার বিবরণে যানা যায় গতকাল রাএ আনুমানিক ৯:১০মিনিট নাগাদ কলসীমুড়া গ্রামপঞ্চায়তের ৩নং ওয়ার্ড বাতানবাড়ীর বাসিন্দা আমির হুসেন তার পালদার বাইকটিকে বক্সনগর আর,ডি ব্লকের সামনে বক্সনগর টু সোনামুড়া প্রধান সড়কের পাশে রেখে তার বন্ধু সুদিপ সরকারের বাড়িতে যায় আর ঠিক এই সময়কে হাতিয়ার করে চুরির দল উই পেতে বসে থাকে। এর অল্প কিছুক্ষণ পর আমির হুসেন বাড়িতে যাওয়ার জন্য রাস্তায় এসে দেখেনইটৎ০৭ক্ষ০৮২ নাম্বারের তার পালদার বাইকটি সেই এরপর সে তার বন্ধু এবং পরিজনদের নিয়ে অনেক খুজাখুজি করেও বাইকের কোনো হদিশ পান নি, যদিও তার বাইকটি ফাইনালপের মাধ্যমে নিয়েছেন। এই ঘটনায় হতভস্ত গোটা এলাকার জনগন এর আগে এমন ঘটনা এই এলাকায় আর ঘটেনি তিনি আরো জানান বন্ধুর বাড়িতে যাওয়ার আগে এই এলাকার এক দাগি চুরকে তিনি দেখতে পান তার সন্দেহ ব্লকটারার কোনো এক ব্যবসায়ী প্রচোনায় তার বাইকটি চুরি হয় যায় তবে জনগণের ধারণা যেহেতু এই এলাকাটি আন্তর্জাতিক সীমান্তবর্তী এলাকা তাই হয়তো দুই চুরের দল বাইকটিকে চুরির দল চুরি করে বাংলাদেশে পাচার করে দিয়েছে। এরপর তিনি কলমচৌড়া থানার অভিযোগ দায়ের করেন এখন দেখার বিষয় পুলিশ কতটুকু ভূমিকা গ্রহন করে।

বক্সনগরে বাংলাদেশী নাগরিকদের আনগোনা

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২ আগস্ট। গোটা বক্সনগর এলাকার মধ্যে ই অধিকাংশে বাংলাদেশি থেকে এসে কোনো না কোনো ভাবে ই বিবাহ করিয়া শুধর বাড়ি বানিয়ে নিচ্ছে যেমন বাংলাদেশের কুমিল্লা জেলার মন্ডলাগ গ্রামের, কষবা থানার অন্তর্গত জাকির হোসেন বক্সনগর মুলাহা মুড়ার আয়েত আলীর মেয়েকে বিবাহ করে জমাতে যান গেছেন জাকির হোসেন তার আপন ভাই লোকেশ মিয়া র বাড়িতে থেকে স্থায়ী বাসিন্দা র মত চলা ফেরা করছে। বক্সনগর এলাকায় বিভিন্ন পাড়াতে সে প্রায় সময় চুরি করতাত এবং গ্রামীণ শালিশী ভাবে সুরাহা করে দিত পঞ্চায়তের প্রধান মেসার গন। কিন্তু বিগত দুই হাজার তিন সালে ভোর বেলা বক্স নগর ফরেস্ট অফিস সংলগ্ন এলাকার গাছ কেটে চুরি করা র সময় পেটলি স্তপ জাকির হোসেন কে হাতে নাতে ধরতে সক্ষম হয়। বন দপ্তরের রেজটর অফিসার জাকির হোসেন কে কলমচৌড়া থানার পুলিশের হাতে তুলে দেন। পুলিশ যথারীতি গাছ চুরি র দায়ের মামলা রুজু করেন এবং মামলা নম্বর জি আর ০০/৭৪ সোনামুড়া আদালতে চালান করে দেওয়া হয়েছে জাকির হোসেন কে তার শুশর আয়েত আলী জামিনে র মাধ্যমে ছুটিয়ে নিজ বাড়িতে নিয়ে আসেন। বেশ কিছু দিন থাকার পর জামাতা আয়েত আলী রে ফাঁকি দিয়ে বাংলাদেশের নিজের বাড়িতে চলে যায় গাছ চুরির সঙ্গে জাকিরের জিন্সে পছন্দ করেচেই তিন জনের নাম বলেন তারা হলেন আব্দুল খালেক, আবদুল হক, রফিক মিয়া। এই তিনজন ব্যক্তি র বিরুদ্ধে মিথা বলে ফাসিয়ে দিয়ে গেছেন। পুলিশ অন্য অন্য কারে খুজে বেড়াচ্ছিল কিন্তু টিকির নাগাল ও পেলনা। তার পর জামিন দায়ের নামে ওয়ারেন্ট বের করে দেয় আদালত হতাত্যা ও দুঃখাগথার মাধ্যমে ধীরে ধীরে মরন বনত্রনার কামড়ে বৃদ্ধ আয়েত আলীমুতা বরন করেছে। দীর্ঘ দিন জামাতা জাকির হোসেন বাংলাদেশে ছিলেন তার কলমচৌড়া থানা যাবার পর আবার মুলাহা মুড়া আশ্রয় নিচ্ছে। সে এখন ও গয়ারন্টের আসামী অথচ দিবি ঘুরে বেড়াচ্ছে। পুলিশ কেন বা কি কারণে আসামী ধরছেন না সেই নিয়ে এলাকায় গুলন চলছে। উক্ত অহরহ এরকম জাকির হোসেনের জন্য দেশের চুরি ডাকাতি ছিনতাই সনএসদী দিন দিন বৃদ্ধি পাচ্ছে প্রশাসন অচিরেই তার বাবস্থা নিক।

রাষ্ট্রপতির সঙ্গে দেখা করবেন পশ্চিমবঙ্গের বিজেপি বিধায়কদের প্রতিনিধিদল

কলকাতা, ২ আগস্ট (হি.স.): রাষ্ট্রপতি রামনাথ কোবিনদের সঙ্গে দেখা করবেন পশ্চিমবঙ্গের বিজেপি বিধায়কদের প্রতিনিধিদল। নেতৃত্বে থাকবেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। অন্যদিকে, শুভেন্দু অধিকারী নেতৃত্বে রাষ্ট্রপতি রামনাথ কোবিনদের পাশাপাশি লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার সঙ্গে দেখা করবেন বিধায়করা। পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান নিয়ে ইতিমধ্যে বিতর্ক তৈরি হয়েছে। সে সংক্রান্ত আলোচনা করতই লোকসভার অধ্যক্ষের সঙ্গে দেখা করবেন বিধায়করা। পাশাপাশি পঞ্চায়তে এবং স্বায়মস্বয়কের মন্ত্রীদের সঙ্গেও দেখা করতে পারেন বঙ্গের বিজেপি বিধায়করা। রাজ্যে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প রূপায়ণে রাজ্য সরকারের বিরুদ্ধে বাধা দেওয়ার অভিযোগ বিজেপির। সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রকের মন্ত্রীদের সঙ্গে কথা বলবেন বিধায়করা। ভোটে পরবর্তী হিসেব নিয়ে ওঠা অভিযোগ মানতে নারাজ শাসকদল তৃণমূল। জল গড়িয়েছে আদালতেও। এই প্রসঙ্গে রিপোর্ট দিয়েছে মানবাধিকার কমিশনও। তবে সেই রিপোর্ট রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলেই অভিযোগ তুললেন। এই পরিস্থিতিতে শুভেন্দু অধিকারীর দিল্লি সফর যে যথেষ্ট তাৎপর্যপূর্ণ, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। এদিকে, ভোটে পরবর্তী হিসেব নিয়ে আলিশ জমানতে বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষের নেতৃত্বে বাংলার সাংসদেরা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করবেন। চলতি মাসে একাধিক কর্মসূচি রয়েছে রাজ্য বিজেপির।

কৃষকরা

● প্রথম পাতার পর
এতে করে কৃষকরা অসুবিধার সম্মুখীন। সোমবার এলাকার কৃষকরা ফুর্ক হয়ে সবাদ মাধ্যমের সম্মুখীন হয়ে করনজয় রিয়াং এর বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরিয়ে দেন। উনারা জানান, আগামীকাল অফিস না খুললে উনারা অফিসরুদ্ধে তালা লাগিয়ে দেনেন বলে ঝঁঝারি দিয়েছেন কৃষকরা। এখন দেখার বিষয় এলাকার কৃষকদের সুবিধার্থে দপ্তর কি পদক্ষেপ গ্রহনকরে। কৃষি পুষ্টির কৃষকদের সুবিধার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করলে তারা বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলে ঝঁঝারি দিয়েছেন।

ওবিসি মোর্চা

● প্রথম পাতার পর
